আপনার অধিকার সম্বন্ধে জানুন !

আয়ারল্যান্ডের মাইগ্রেন্ট কর্মীদের জন্য তথ্যাবলী

এই বুকলেটের উদ্দেশ্য হল :

• আয়ারল্যান্ডের সমস্ত অভিবাসী (মাইগ্রেন্ট) কর্মীদের তাদের অধিকার ও দাবী সম্বন্ধে অবহিত করা, একটি প্রাসঙ্গিক ও সহজলভ্য পদ্ধতিতে ।

• তাদের দায় ও দায়িত্ব সম্বন্ধে অভিবাসী কর্মীদের তথ্যাবলী যোগান দেওয়া

• প্রচলিত কু-প্রথা ও বেআইনি দাবী সম্বন্ধে অভিবাসী কর্মীদের অবহিত করা এবং উপদেশ দেয়া

এই বুকলেটটির উদ্দেশ্য হল শুধু নির্দেশিকা হিসাবে কাজ করা । প্রতিটি বিষয়ে অতিরিক্ত তথ্য পাওয়া গেছে একদল সংস্থার থেকে (বুকলেটের শেষে দেখুন)। এই সার্ভিসগুলো সাধারণত: বিনামুল্যে পাওয়া যায় ।

ডিসক্লেমার

আইন ও নীতিতে ভবিষ্যতে বদল হতে পারে যা বুকলেটের তথ্যাবলীতেও পরিবর্তন আনবে। এই বুকলেটের যাবতীয় তথ্যাবলীকে আপ-টু-ডেট ও সঠিক রাখার জন্য যথাসাধ্য চেষ্টা করা হয়েছে; কোন ভুলের জন্য এম.আর.সি.এ. দায়ী থাকবে না।

এই বুকলেটের উদ্দেশ্য কেবল তথ্য প্রদান। এটি কোন আইনি দলিল নয়।

২০০৫-এর নভেম্বরে প্রকাশিত

সূচী

নিচে পরিলিখিত একাধিক বিষয় সম্বন্ধে এই বুকলেটে আলোকপাত করা হয়েছে। এতে একাধিক সংস্থার কথা বলা আছে, অতিরিক্ত তথ্যের জন্য আপনি যাদের সঙ্গে যোগাযোগ করতে পারবেন। এই সব সংস্থার সঙ্গে যোগাযোগের বিস্তারিত তথ্য বুকলেটের শেষে দেওয়া আছে।

সেকশন ১ **জরুরী তথ্য** ৭

সাধারণ তথ্য ৭
কর্মস্থলে অধিকার ৮
দায় ৯
নথিপত্র ১১

সেকশন ২ **অভিবাসন, অধিবাসন, ও নাগরিকত্ব** ১২

জি.এন.আই.বি. (গার্ডা ন্যাশনাল ইমিগ্রেশন ব্যুরো)-তে নাম নথিভুক্ত করানো ১২
নাগরিকত্ব ও নাগরিকের অধিকার প্রদান ১৪
দীর্ঘমেয়াদী বসবাস ১৪
পরিবারের পুনর্মিলন ১৫

দ্বীপান্তর ১৫
কঠিন পরিস্থিতি / পাচার ১৭

সেকশন ৩ **চাকরির সুযোগ** **১৮**

চাকরির অধিকার (পারমিট এবং ভিসা) ১৮
আয়ারল্যান্ডে কাজের জন্য আসা
সাধারণ পরামর্শ ২০
চাকরি পাওয়া ২১
চাকরি বদল ২১
চাকরি / নিয়োগকারী সংস্থা ২২

সেকশন ৪ **চাকরি বিষয়ক অধিকার, চুক্তি এবং শর্তাদি** **২৩**
ন্যূনতম বেতন ২৩
নিয়োগের শর্ত ২৪
পারিশ্রমিকের চেক (পে স্লিপ) ২৪
‘বাসস্থান’ ২৫
কাজের সময় ২৫
ছুটি ২৫
স্বাস্থ্য ও সুরক্ষা ২৮
অভিযোগ জানানোর পদ্ধতি ২৮

অন্যায্যভাবে বরখাস্ত করা ২৯
ভেদাভেদ ৩০
ট্রেড ইউনিয়ন ৩০

সেকশন ৫ 32
পিপিএস নাম্বার এবং কর দেওয়ার জন্য নাম লেখানো ৩২
আয়ের সঙ্গে সঙ্গে কর দেওয়ার ব্যবস্থা ৩৩
ট্যাক্স ক্রেডিট ও ট্যাক্স ব্যান্ড ৩৪
কর জমা করা ও ফেরৎ আসা ৩৫
দ্বিগুণ কর ৩৫
কর জমা দেওয়ার ফর্ম ৩৬

সেকশন ৬ **সোশ্যাল ওয়েলফেয়ার** **৩৮**

সামাজিক বীমার পরিকল্পনা (দানমূলক) ৩৮
সামাজিক সহায়তা (দানমূলক নয়) ৩৮
হ্যাবিচুয়াল রেসিডেন্স কন্ডিশন (এইচ.আর.সি.) ৩৯
সোশ্যাল ওয়েলফেয়ারের জন্য আবেদন ৪১
অ্যাপীল ৪১

সেকশন ৭ আইনী বিষয় ৪২

পুলিশ (Garda Síochana) ৪২
গার্ডা'র জাতিগত এবং আন্ত:সাংস্কৃতিক ইউনিট ৪২
গ্রেপ্তার ৪৩
আইনী পরামর্শ ৪৪

সেকশন ৮ নির্দিষ্ট বিভাগ ৪৬

নারী ৪৮
আপৎকালীন থাকার ব্যবস্থা ৪৮
স্বাস্থ্য ৪৮
শিক্ষা ৪৯
দৈনন্দিন জীবন ৪৯
নথিভুক্ত নন, এ'রকম শ্রমিক ৫০

সেকশন ৯ অতিরিক্ত তথ্য ও সহায়তার জন্য সংস্থাগুলোর সম্বন্ধে খুঁটিনাটি ৫১

সেকশন ১০ নিয়োগকারীর বিষয়ে খুঁটিনাটি এবং মজুরি ও যে সময় কাজ করা হয়েছে, তার রেকর্ডের প্রমাণ ৫৭

পিছনের মলাট মাইগ্রেন্ট রাইটস সেন্টার আয়ারল্যান্ড বিষয়ক তথ্য ও ম্যাপ ৫৭

সাধারণ তথ্যাবলী

• জরুরী অবস্থায় ৯৯৯ নম্বরে বা ১১২ নম্বরে ফোন করুন (যেমন, অ্যাম্বুলেন্স, পুলিশ, বা দমকলের জন্য)

• ফটোকপি এবং অন্যান্য সব গুরুত্বপূর্ণ দলিল নিরাপদ জায়গায় রাখুন ; উদাহরণস্বরূপ, সমস্ত অফিশিয়াল দলিল যেমন আপনার পাসপোর্ট, চাকরির চুক্তিপত্র, ও যে কোন লিখিত চুক্তি যা আপনার সঙ্গে আপনার নিয়োগকর্তা, বা বাড়িঅলা ইত্যাদি কারুর হয়েছে ।

• আপনার চাকরির নিয়োগকর্তা আপনার পাসপোর্ট রাখতে পারেন না ।

• গার্ডাই (পুলিশ) আপনাকে থামিয়ে পরিচয়পত্র এবং স্টেটের মধ্যে থাকার অনুমতির প্রমাণপত্র চাইতে পারে ।

• গার্ডাই আপনাকে গ্রেপ্তার করতে পারে যদি তারা মনে করে যে আপনি আইন ভেঙেছেন ; তবে গ্রেপ্তার হওয়ার পরেও আপনার কিছু অধিকার বজায় থাকবে ।

• কেবলমাত্র গার্ডাই ও গার্ডা অভিবাসন অফিসারদের আপনার পাসপোর্টটি নিয়ে রেখে দেয়ার অধিকার আছে । যে অফিসার আপনার পাসপোর্টটি নিলেন, তাঁর নাম, পরিচয়পত্রের (আই.ডি.) নম্বর, এবং একটি রসিদ অবশ্যই নিয়ে রাখবেন ।

• যদি আপনার রেসিডেন্সি স্ট্যাম্পটির তারিখ পার হয়ে গিয়ে থাকে, গার্ডাই ধরে নেবে যে আপনি বেআইনী ভাবে স্টেটে আছেন ।

• কর্মচারীকে গ্রেপ্তার করানোর অধিকার নিয়োগকারী বা সরবরাহকারী (রিক্রুটমেন্ট) সংস্থার নেই ।

• কেবলমাত্র ডিপার্টমেন্ট অফ জাস্টিস, ইক্যোয়ালিটি, অ্যান্ড ল’ রিফর্ম মন্ত্রীর অধিকার আছে আপনাকে দেশ থেকে বহিস্কার করার ।

• আপনাকে যদি হুমকি দেওয়া হয়ে থাকে, তবে আপনার উচিত আমাদের বা অন্য কোন সংস্থাকে জানানো ।

• আপনার পরিস্থিতি যতোই খারাপ হোক না কেন, তবু সহায়তা পাওয়া সম্ভব ।

• যদি আপনাকে নথিপত্র থেকে সরিয়ে দেওয়া হয়ে থাকে, বিষয়টিকে অবহেলা করবেন না - সহায়তা নিন !

• লোকের থেকে যা শুনবেন, সব বিশ্বাস করবেন না - তথ্য মিলিয়ে নিন ।

কর্মক্ষেত্রে অধিকার

আয়ারল্যান্ডের সমস্ত কর্মীদের, নাগরিকত্ব নির্বিশেষে, কর্মক্ষেত্রে আইনানুগ অধিকার আছে । এর অন্তর্ভূক্ত হল :

• একটি লিখিত দলিল যাতে আপনার চাকরীর চুক্তি ও শর্তাবলী লেখা থাকবে (কাজ শুরু করার তারিখের

দুই মাসের মধ্যে)। এতে কাজের সময়, ছুটির দিন ইত্যাদি নির্দিষ্ট করে বলা থাকবে।

• ঘন্টায় ন্যূনতম বেতন €৭.৬৫ (এটি বদলাতে পারে)

• কর্মক্ষেত্রে অন্যায্যভাবে বরখাস্ত হওয়া থেকে সুরক্ষা।

• একটি ট্রেড ইউনিয়নে যোগদান করার সুযোগ।

• এমপ্লয়মেন্ট / রিক্রুটমেন্ট এজেন্সীর অবশ্যই আইনী লাইসেন্স থাকতে হবে। যে এমপ্লয়মেন্ট এজেন্সীকে আপনি ব্যবহার করছেন, নিশ্চিত করুন যে তাদের লাইসেন্স আছে।

• আপনার কাজ করার অনুমতিপত্র বা তার আবেদনপত্র সম্বন্ধে যে কোন তথ্য নেওয়ার জন্য ওয়ার্ক পারমিট সেকশনে যোগাযোগ করার অধিকার আপনার আছে।

আবশ্যকতা

এই দেশে থাকার ও কাজ করার ক্ষেত্রে, আপনার কতকগুলো আবশ্যকতা আছে। এর অন্তর্ভূক্ত হল: :

• আপনি যদি ই.ইউ (EU) বা ইইএ (ইওরোপিয়ান ইকনমিক এরিয়া)- এর বাইরে কোথাও থেকে এসে থাকেন, অতি অবশ্যই আপনাকে জি.এন.আই.বি. বা স্থানীয় অভিবাসন কেন্দ্রে নাম লেখাতে হবে, এবং আপনার পাসপোর্টে একটি রেসিডেন্সি স্ট্যাম্প লাগাতে হবে।

রেসিডেন্সী স্ট্যাম্প এবং ওয়ার্ক পারমিট এক জিনিষ নয় (*রেজিস্ট্রেশন - গার্ডা ন্যাশনাল ইমিগ্রেশন ব্যুরো’ বিষয়ক নিচের সেকশনে দেখুন*)

• আপনি একটি জি.আন.আই.বি. রেজিস্ট্রেশন কার্ড পাবেন এবং আপনার এই কার্ডটি সব সময় সঙ্গে রাখা উচিত ।

• যদি আপনার ওয়ার্ক পারমিট বা ওয়ার্ক ভিসার প্রয়োজন থাকে (কাজের সুযোগের ওপর সেকশন ৩ বিভাগটি দেখুন), তবে আপনার কাছে সেটি থাকার ব্যপারটি নিশ্চিত করতে আপনি এবং আপনার চাকুরিদাতা- উভয়েই বাধ্য থাকবেন ।

• আপনি যদি কর দেওয়ার জন্য যে পরিমাণ অর্থ প্রয়োজন, তা আয় নাও করেন, তবু আপনাকে অবশ্যই কর ও পি.আর.এস.আই. সংক্রান্ত ব্যাপারের জন্য নাম লেখাতে হবে । অর্থাৎ, আপনাকে অবশ্যই পি.পি.এস. নাম্বার পেতে হবে (নিচে সেকশন ৫ ও ৬ দেখুন) ।

• যদি আপনি ঠিকানা বদলান, আপনাকে অবশ্যই জি.এন.আই.বি. অথবা স্থানীয় ইমিগ্রেশন অফিসারকে জানাতে হবে ।

• গাড়ি চালাতে হলে আপনার অবশ্যই গাড়ি চালানোর লাইসেন্স, ও বীমা থাকতে হবে এবং গাড়ি বাবদ কর দিতে হবে ।

• ডিপার্টমেন্ট অফ জাস্টিস, ইক্যোয়ালিটি, এবং ল’ রিফর্ম সহ স্টেট থেকে পাওয়া কোন চিঠি অবহেলা করবেন না ।

দলিলপত্র

কাজ করার জন্য আপনার যা দলিলপত্র দরকার :

• দেশে প্রবেশ করার ভিসা ও বসবাস করার (রেসিডেন্সী) স্ট্যাম্প সহ পাসপোর্ট ।

• গার্ডা ন্যাশনাল ইমিগ্রেশন ব্যুরো-'র (জি.এন.আই.বি.) রেজিস্ট্রেশন কার্ড

• বৈধ ওয়ার্ক পারমিট বা ওয়ার্কিং ভিসা / স্বীকৃতিপত্র (আপনি ই.ইউ বা ই.ই.এ.-এর বাইরে থেকে এসে থাকলে)- চাকুরিদাতা আসলটি রাখতে পারেন ।

• পি.পি.এস. (পার্সোনাল পাব্লিক সার্ভিস) নাম্বার যদি আপনি আয়ারল্যান্ডে কাজ করতে চান ।

সেকশন ২ : ইমিগ্রেশন, রেসিডেন্সী, ও সিটিজেনশিপ

রেজিস্ট্রেশন - গার্ডা ন্যাশনাল ইমিগ্রেশন ব্যুরো (জি.এন.আই.বি.)

যদি আপনি তিন মাসের বেশি সময় আয়ারল্যান্ডে থাকা স্থির করেন, **আপনাকে অবশ্যই নাম লেখাতে হবে** গার্ডা সায়োচেনা-য় (পুলিশের কাছে) একটি জি.এন.আই.বি. কার্ড পাওয়ার জন্য । **আয়ারল্যান্ডে পৌঁছানোর একমাসের মধ্যেই আপনার নাম লেখানো উচিত ।**

এটি **খুবই দরকারী ।** এই দেশে আইন-স্বীকৃত বসবাসকারী হবার জন্য একটি বৈধ 'রেসিডেন্সী স্ট্যাম্প' থাকা প্রয়োজন । এটি এবং ওয়ার্ক পারমিট এক জিনিষ নয় । পরবর্তীকালে যদি আপনি দীর্ঘমেয়াদী বসবাস বা নাগরিকত্বের জন্য আবেদন করেন, আপনার আবেদন নির্ভর করবে কতগুলো রেসিডেন্সী স্ট্যাম্প আপনি পেয়েছেন, তার ওপর ।

নাম লেখানোর জন্য, আপনাকে আপনার স্থানীয় গার্ডা স্টেশনে ইমিগ্রেশন অফিসারের খোঁজ করতে হবে । ডাবলিনে, জি.এন.আই.বি.-তে যান । আপনার পাসপোর্ট ও এদেশে থাকার অনুমতিপত্রের প্রমাণ আনবেন (উদাহরণ স্বরূপ, ওয়ার্ক পারমিটের কপি, অথবা একটি স্কুল / কলেজ রেজিস্ট্রেশন) ।

তারা আপনাকে একটি জি.এন.আই.বি রেজিস্ট্রেশন কার্ড (প্লাস্টিকের) দেবে এবং আপনার পাসপোর্টে ‘রেসিডেন্সী স্ট্যাম্প’ দেবে । রেসিডেন্সী স্ট্যাম্পটি সাধারণত: আপনার ওয়ার্ক পারমিট বা ওয়ার্ক ভিসা’র সময়টুকুতেই কার্যকর থাকে । এটিকে রিনিউ করা হবে যখন আপনার ওয়ার্ক পারমিট (বা আপনার স্বামী / স্ত্রী’র ওয়ার্ক পারমিট) রিনিউ করানো হয়, যখন আপনি একজন নতুন চাকুরীদাতার থেকে একটি নতুন ওয়ার্ক পারমিট পান, অথবা যদি আপনি কোন শিক্ষা প্রতিষ্ঠানে নাম লেখান (উপস্থিতির হার ৮৫% হওয়া প্রয়োজন) ।

রেসিডেন্সী স্ট্যাম্প চার রকমের হয় :

• **স্ট্যাম্প ১** নির্দেশ করে যে এই ব্যক্তির একটি ওয়ার্ক পারমিট আছে ।

• **স্ট্যাম্প ২** নির্দেশ করে যে এই ব্যক্তি একজন পুরো সময়ের (ফুল টাইম) শিক্ষার্থী ।

• **স্ট্যাম্প ৩** একটি সীমাবদ্ধ স্ট্যাম্প যা নির্দেশ করে যে ব্যক্তিটি আয়ারল্যান্ডে পুরো সময়ের জন্য কাজ করতে বা পড়াশুনা করতে পারবেন না (উদাহরণ স্বরূপ, স্পাউসের ওপর নির্ভরশীল ব্যক্তি)

• **স্ট্যাম্প ৪** দেওয়া হয় সেই সব ব্যক্তিদের যাঁরা ওয়ার্ক ভিসা বা ওয়ার্ক অথরাইজেশন নিয়ে আছেন, এবং আরো কাউকে যেমন, আইরিশ নাগরিকদের স্বামী বা স্ত্রী’কে , উদ্বাস্তুদের, জন্মসূত্রে আইরিশ বাচ্চাদের কারণে আয়ারল্যান্ডে বসবাসকারী পিতামাতাকে, এবং দীর্ঘমেয়াদী আবাসিকতার পর্যায়ে আছেন, এমন ব্যক্তিদের ।

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে জি.এন.আই.বি. অথবা

ডিপাট্রমেন্ট অফ জাস্টিস, ইক্যোয়ালিটি, অ্যান্ড ল' রিফর্ম থেকে (বুকলেটের শেষে তালিকা দেখুন) ।

নাগরিকত্ব এবং ন্যাচারালাইজেশন

আপনি যদি আয়ারল্যান্ডে ৫ বছর ধরে বসবাস করে থাকেন, অথবা তিন বছর ধরে কোন আইরিশ নাগরিকের সঙ্গে বৈবাহিক জীবন পালন করে থাকেন, তাহলে এর জন্য আবেদন করার যোগ্য হবেন । আপনার ন্যাচারালাইজেশন হয়ে গিয়ে থাকলে আইরিশ সরকার আপনাকে একটি আইরিশ পাসপোর্ট দেবে । আয়ারল্যান্ড দ্বি - নাগরিকত্বকে স্বীকৃতি দেয় । অতিরিক্ত তথ্যের জন্য ডিপার্টমেন্ট অফ জাস্টিস, ইক্যোয়ালিটি, এবং ল' রিফর্মে যোগাযোগ করুন ।

দীর্ঘমেয়াদী বসবাস

যদি আপনি আয়ারল্যান্ডে মোট ৫ বছর (৬০ মাস) কাজ করে থাকেন, তাহলে আপনি ডিপার্টমেন্ট অফ জাস্টিস, ইক্যোয়ালিটি, এবং ল' রিফর্মের () কাছে দীর্ঘমেয়াদী বসবাস (স্ট্যাম্প ৪) অনুমোদন করার জন্য আবেদন জানিয়ে লিখতে পারেন । আপনি যে আয়ারল্যান্ডে কাজ করেছেন ও ৬০ মাস ধরে নথিভুক্ত ছিলেন, তার প্রমাণ স্বরূপ আপনার পাসপোর্টের সবক'টি স্ট্যাম্পের ফটোকপি পাঠাবেন । এটি ন্যাচারালাইজেশন থেকে ভিন্ন । আপনি আইরিশ নাগরিক হবেন না, কিন্তু আপনার পাসপোর্টে একটি দীর্ঘমেয়াদী স্ট্যাম্প দেওয়া হবে

এবং চাকুরী বদল করার জন্য আপনার চাকুরিদাতাকে আপনার ওয়ার্ক পারমিটের জন্য আবেদন করারও দরকার হবে না । যদি আপনাকে দীর্ঘমেয়াদী বসবাসের অনুমতি দেওয়া হয়, আপনাকে ডিপার্টমেন্ট অফ জাস্টিস, ইক্যোয়ালিটি, এবং ল' রিফর্মের কাছ থেকে পাওয়া উত্তরটি জি.এন.আই.বি.-তে অথবা স্থানীয় ইমিগ্রেশন অফিসারের কাছে আনতে হবে, এবং আপনার পাসপোর্টের স্ট্যাম্পটি বদলে দেওয়ার জন্য তাঁদের অনুরোধ করতে হবে ।

ফ্যামিলি রি-ইউনিফিকেশন

ফ্যামিলি রি-ইউনিফিকেশন আয়ারল্যান্ডে একটি স্বয়ংক্রিয় অধিকার নয় । ফ্যামিলি রি-ইউনিফিকেশন অধিকারটি আপনার কি ধরনের আবাসিকতা রয়েছে, তার ওপর নির্ভর করে : যেমন, আপনি যদি ওয়ার্ক ভিসা / অথরাইজেশনে থেকে থাকেন, আপনি তিন মাস পরে আবেদন করতে পারবেন ; আপনি যদি ওয়ার্ক পারমিটে থাকেন, তবে ১ বছর পরে আবেদন করতে পারবেন । আপনাকে অবশ্যই প্রমাণ করতে হবে যে আপনি আয়ারল্যান্ডে আপনার পরিবারকে অর্থনৈতিকভাবে সহায়তা করতে পারবেন । যদি আপনি ফ্যামিলি রি-ইউনিফিকেশনের ব্যাপারে প্রত্যাখ্যাত হন, তবে কারণটি জানার অধিকার আপনার থাকবে । এই প্রত্যাখ্যানের বিরূদ্ধে অ্যাপীল করার অধিকারও আপনার আছে । ফ্যামিলি রি-ইউনিফিকেশনের ওপর অতিরিক্ত তথ্য পাওয়া যাবে ডিপার্টমেন্ট অফ জাস্টিস, ইক্যোয়ালিটি, এবং ল' রিফর্মের কাছে ।

ডিপোর্টেশন

আপনি যদি এই দেশে বেশ কিছুদিন ধরে নথিভূক্তহীন (undocumented) অবস্থায় থেকে থাকেন, তবে আপনাকে ফেরৎ পাঠানো হতে পারে

(আয়ারল্যান্ড ছাড়তে বলা হতে পারে) । যা ঘটতে পারে, তার মধ্যে এটি সাধারণত: একেবারে চরম পর্যায় এবং পুরো পদ্ধতিতে কয়েকটি ভাগ আছে । যদি আপনাকে জানানো হয় যে আপনাকে ফেরৎ পাঠানো হচ্ছে, তবে আপনার অবিলম্বে পরামর্শ নেওয়া উচিত । স্টেট থেকে পাওয়া কোন চিঠি, ডিপার্টমেন্ট অফ জাস্টিস, ইক্যোয়ালিটি, এবং ল' রিফর্মও যার অর্ন্তভূক্ত, কখনো অবহেলা করবেন না ।

ফিরে যাওয়ার নির্দেশ (ডিপোর্টেশন অর্ডার) দেওয়ার আগে, আপনি একটি চিঠি পাবেন (সাধারণ ভাবে একে ১৫ ডে লেটার বলা হয়ে থাকে) যাতে আপনাকে তিনটি পছন্দ দেওয়া হবে । এইক্ষণে, আপনি স্বেচ্ছায় আয়ারল্যান্ড ছাড়তে পারেন এবং ভবিষ্যতে আয়ারল্যান্ডে ফিরতে সক্ষম হতে পারেন । স্বেচ্ছায় ফিরে যাওয়ার জন্য পরামর্শ ও সহায়তা পাওয়া যায় আর্ন্তজাতিক অধিবাসী সংস্থা () থেকে ।

আপনি ডিপার্টমেন্ট অফ জাস্টিস, ইক্যোয়ালিটি, এবং ল' রিফর্মের কাছে আবেদন () জানাতে পারেন যাতে তাঁরা আপনাকে এইদেশে অস্থায়ীভাবে থাকতে দেন । যদি আপনি ১৫ দিনের মধ্যে ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ না করেন, তবে আপনাকে ডিপোর্ট করা হতে পারে । যদি তা করা হয়, তবে আপনাকে আর এইদেশে ঢোকার অনুমতি দেওয়া হবে না । ডিপার্টমেন্ট অফ জাস্টিস, ইক্যোয়ালিটি, এবং ল' রিফর্ম-এর সঙ্গে এই পনেরো দিনের মধ্যে যোগাযোগ করা এবং সিদ্ধান্ত নেওয়ার আগে কোন প্রতিষ্ঠানের থেকে পরামর্শ নেওয়া খুবই প্রয়োজনীয়

(বুকলেটের শেষে দেখুন)।

কেবলমাত্র ডিপার্টমেন্ট অফ জাস্টিস, ইক্যোয়ালিটি, এবং ল' রিফর্ম মন্ত্রীরই আপনাকে ডিপোর্ট করানোর অধিকার আছে (চাকুরীদাতা বা রিক্রুটমেন্ট এজেন্সী আপনাকে ডিপোর্ট করাতে পারে না) । আপনাকে অবশ্যই লিখিতভাবে জানাতে হবে (একটি ডিপোর্টেশন নির্দেশে) যে আপনাকে ডিপোর্ট করা হচ্ছে এবং কারণটিও জানাতে হবে । যে দেশে আপনার বসবাসের অধিকার / নাগরিকত্ব রয়েছে, কেবলমাত্র সেখানেই আপনাকে ফেরৎ পাঠানো যেতে পারে ।

কঠিন পরিস্থিতি / পাচার

যদি কোন কারণে আপনি নিজেকে বিপন্ন মনে করেন, আপনার পরামর্শ ও সহায়তা নেওয়া উচিত ; উদাহরণ-স্বরূপ, যদি আপনার চাকুরিদাতা আপনাকে চাকরী ছাড়তে দিতে না চায় ; যদি আপনার চাকুরিদাতা আপনাকে বাড়ি পাঠিয়ে দেওয়ার হুমকি দেয় ; যদি আপনার চাকুরিদাতা আপনার কাছে টাকা পায় ; যদি আপনাকে বলা হয় যে আপনার ঋণ বেড়ে গেছে ও আপনাকে ঠিকমতো মাইনে না দেওয়া হয় ; যদি আপনি কখনো রাজী হন নি, এমন সব কাজ আপনাকে করতে হয় ; যদি আপনার চাকুরিদাতা আপনার নথিপত্র যেমন পাসপোর্ট নিয়ে নেয় ; যদি আপনি অন্য কোন কারণে ভীত হ'ন । মাইগ্রেন্টদের অধিকার সংক্রান্ত বহু প্রতিষ্ঠান (যেমন এম.আর.সি.আই.) একান্তে ও গোপনীয়ভাবে আলোচনা করার জন্য নিরাপদ জায়গা ও পরামর্শ দিয়ে থাকে ।

কাজের অধিকার (পারমিট এবং ভিসা)

যদি আপনি একজন ই.ইউ অথবা ই.ই.এ. (অথবা সুইস) নাগরিক হন, আয়ারল্যান্ডে কাজ করার আপনার স্বত:সিদ্ধ অধিকার আছে এবং কোন পারমিট বা ভিসার প্রয়োজন নেই ।

আপনি যদি ই.ই.এ.-এর নাগরিক না হন, তবে আয়ারল্যান্ডে কাজ করার জন্য আপনার কাছে অবশ্যই স্টেটের অনুমতি থাকতে হবে । এর অর্থ হল যে, আপনার অবশ্যই ওয়ার্ক পারমিট, অথবা ওয়ার্ক ভিসা / অথরাইজেশন থাকতে হবে আয়ারল্যান্ডে আইনী ভাবে কাজ করার জন্য । যদি আপনার শিক্ষার্থী ভিসা থাকে এবং আপনি একটি স্বীকৃত, ফুল টাইমের কোর্সে নাম লিখিয়ে থাকেন, আপনাকে আংশিক সময় কাজ করার অনুমতি দেওয়া হতে পারে । অনুগ্রহ করে ইমিগ্রেশনের থেকে বিষয়টি জেনে নিন ।

উদ্বাস্তুদের আয়ারল্যান্ডে কাজ করার পূর্ণ অধিকার আছে । যে সব ব্যক্তিরা এখনো শরণার্থী আবেদনপত্রের প্রক্রিয়ার মধ্যে রয়েছেন, তাঁদের কাজ করার অধিকার নেই ।

একজন চাকুরীদাতাকে **ওয়ার্ক পারমিট** দেওয়া হয় একটি নির্দিষ্ট কাজের জন্য এবং এটি এক বছর পর্যন্ত বৈধ । চাকুরীদাতা ওয়ার্ক পারমিট পাওয়ার ও রিনিউ করার জন্য ডিপার্টমেন্ট অফ এন্টারপ্রাইজ, ট্রেড, অ্যান্ড এমপ্লয়মেন্ট (DETE)-এর কাছে আবেদন করেন । চাকুরীদাতাই এই পারমিটের জন্য টাকা দেন, আপনি নন ।

বর্তমানে, এর দাম ৫০০ ইউরো। ওয়ার্ক পারমিটের জন্য আপনার কাছে টাকা চাওয়া চাকুরীদাতার পক্ষে বেআইনী। আপনার চাকুরীদাতা আপনার জন্য ওয়ার্ক পারমিটের আবেদনপত্র পাঠিয়েছেন কিনা, সে বিষয়ে খোঁজ নেওয়ার অধিকার আপনার আছে।

ওয়ার্ক পারমিট কল সেন্টারে যোগাযোগ করুন এই নম্বরে :

ফোন : ০১-৬৩-১৩৩৩৩

লঙ ডিসটেন্স ফোন (০১ এরিয়ার বাইরে) : ১৮৯০ - ২০১ - ৬১৫

ওয়ার্ক পারমিট কেবল একটি কাজের জন্য দেওয়া হয়। যদি আপনি চাকরী ছেড়ে দেন, আপনার নতুন চাকুরীদাতাকে আপনাকে কাজ দেওয়ার জন্য একটি নতুন ওয়ার্ক পারমিট যোগাড় করতে হবে। যদি আপনি নিজের কম্পানীতেই কাজ বদলান, তাহলেও আপনার চাকুরীদাতাকে সেই কাজটির জন্য নতুন ওয়ার্ক পারমিট যোগাড় করতে হবে।

একটি **ওয়ার্ক ভিসা / অথরাইজেশন** দেওয়া হয় একজন কর্মচারীকে এবং সাধারণত: দুই বছরের জন্য বৈধ থাকে। ওয়ার্ক ভিসার জন্য আবেদন দেশের বাইরেই করা হয়। এটি জি.এন.আই.বি.-এর মাধ্যমে রিনিউ করা হতে পারে। ওয়ার্ক ভিসা অথবা অথরাইজেশন আছে এমন একজন ব্যক্তি নতুন ভিসার জন্য আবেদন না করেই নিজেদের সেক্টরে (যেমন, আই.টি. বা নার্সিং) কাজ বদলাতে পারেন। ভিসায় থাকা ব্যক্তিদের স্বামী-স্ত্রী'রাও কিছু ক্ষেত্রে আয়ারল্যান্ডে কাজ করতে পারেন। এই বিষয়টি ডি.ই.টি.ই.-এর থেকে জেনে নিন।

আয়ারল্যান্ডে কাজের জন্য আসা - সাধারণ পরামর্শ :

আয়ারল্যান্ডে থাকার খরচ খুব বেশি, বিশেষত: শহরে । এখানে পৌঁছে কাজ পাওয়া কঠিন হতে পারে ; সেজন্য ইংলিশে লেখা একটি বায়োডেটা (সিভি) চাকুরীদাতাদের দেওয়ার জন্য হাতে থাকা উচিত, এবং চাকরী খোঁজার সময়ে হাতে কিছু টাকা ও থাকার জন্য একটি জায়গাও থাকা দরকার । চাকুরীদাতাদের দেওয়ার জন্য আপনার দক্ষতা বা প্রশিক্ষণের যে কোন সার্টিফিকেট সঙ্গে আনুন । সম্ভব হলে, নিজের দেশ ছাড়ার আগেই চাকরীর ব্যবস্থাটি করে নেওয়া ভালো । মাইনে পাওয়ার আগে অন্তত: এক সপ্তাহ কাজ করার জন্য তৈরি থাকুন ।

অধিকাংশ ক্ষেত্রে, আপনাকে এক মাসের বাড়িভাড়া আগাম দিতে হবে । নিজস্ব থাকার জায়গা ভাড়া করার খরচ অত্যন্ত বেশি, বিশেষত: ডাবলিনে । গৃহহীন জন্য আশ্রয়স্থলগুলো এখন শুধু ই.ইউ. নাগরিকদের এক বা দুই রাত্রির জন্য থাকতে দেয়, 'হ্যাবিচুয়াল রেসিডেন্স কন্ডিশন'-এর কারণে (বাকী তথ্যের জন্য সাইটে পাবলিকেশন বিভাগে, এইচ-এর অধীনে দেখুন) । এখানে পৌঁছে থাকার জায়গার ভাড়া না দিতে পারলে আপনার গৃহহীন হওয়ার আশঙ্কা রয়েছে ।

চাকরি যোগাড়

আয়ারল্যান্ডে একাধিক ওয়েবসাইটে এবং আইরিশ খবরের কাগজে চাকরির বিজ্ঞাপন দেওয়া হয় । চাকরী যোগাড়ের ক্ষেত্রে FES এবং আপনার স্থানীয় এমপ্লয়মেন্ট সার্ভিস (LES) থেকে সহায়তা পাওয়া যায় ।

চাকরী বদল

যদি আপনার চাকরী বদলাবার দরকার হয় এবং আপনি ওয়ার্ক পারমিটে কাজ করে থাকেন, তাহলে প্রথমেই আপনাকে একজন নতুন চাকুরীদাতা খুঁজতে হবে যিনি আপনার জন্য একটি নতুন ওয়ার্ক পারমিটের জন্য আবেদন করবেন । **আপনি পুরনো ওয়ার্ক পারমিটে নতুন এমপ্লয়ারের জন্য কাজ করতে পারবেন না । যদি আপনি চাকুরীদাতা বদলান, তবে নতুন ওয়ার্ক পারমিট না আসা পর্যন্ত আপনার কাজ করা উচিত নয় ।**

ওয়ার্ক ভিসা অথবা অথরাইজেশন পাওয়া কোন ব্যক্তিকে কাজ বদলাবার জন্য নতুন ভিসা বা পারমিটের জন্য আবেদন করার দরকার নেই ; তবে কাজটি একই সেক্টরে হতে হবে ।

সমস্ত কর্মচারীদের (আইরিশ, ই.ইউ., ই.ই.এ., এবং যাঁরা ই.ই.এ. নন-তাঁরা) অবশ্যই তাঁদের চাকুরীদাতাকে লিখিতভাবে জানাতে হবে যে তাঁরা চাকরীটি ছাড়তে চলেছেন । আপনার চাকুরীদাতাও আপনাকে নোটিশ দিতে বাধ্য থাকবেন যদি তিনি আপনাকে আর কাজে না রাখতে পারেন । এই বিষয়ে বিস্তারিত খবরের জন্য যোগাযোগ করুন

এমপ্লয়মেন্ট রাইটস ইনফরমেশন ইউনিট অফ দি ডিপার্টমেন্ট অফ এন্টারপ্রাইজ, ট্রেড, অ্যান্ড এমপ্লয়মেন্ট-এ (বুকলেটের শেষে দেখুন) ।

আপনার চাকুরীদাতা চাকরী ছাড়ার সময় আপনাকে একটি পি-৪৫ দিতে বাধ্য থাকবেন । এটি কর সংক্রান্ত স্টেটমেন্ট এবং পি.আর.এস.আই, যা তিনি আপনার জন্য ব্যয় করেছেন । আপনার নতুন চাকুরীদাতার এটি প্রয়োজন আপনার কর সঠিকভাবে নির্ণয় করার জন্য ।

এমপ্লয়মেন্ট অথবা রিক্রুটমেন্ট এজেন্সী

এমপ্লয়মেন্ট এজেন্সীর মাধ্যমে চাকরী খুঁজছেন, এমন ব্যক্তিদের দেখে নেওয়া উচিত যে এজেন্সীটির নাম নথিভূক্ত করা আছে ।

আয়ারল্যান্ডে, আপনাকে চাকরী খুঁজে দেওয়ার জন্য কোন এজেন্সী আপনার কাছে টাকা চাইতে পারে না । যে চাকুরীদাতা আপনাকে চাকরীটি দিলেন, তিনিই এজেন্সীটিকে টাকা দেবেন । এজেন্সীটির উচিত আপনাকে আপনার কাজের অধিকার ও প্রাপ্য বিষয়সমূহে অবহিত করা ।

নোট : যে কোন দেশের রিক্রুটমেন্ট এজেন্সীর আপনাকে আয়ারল্যান্ড থেকে ডিপোর্ট করার অধিকার নেই, অথবা আপনাকে তারা বাড়িতে ফেরৎ পাঠাতে পারে ইত্যাদি বলে যে কোন কিছুতে সই করানোর অধিকার নেই ।

সমস্ত কর্মচারীদের আয়ারল্যান্ডে চাকরীস্থলের অধিকার এবং বৈষম্য থেকে সুরক্ষা পাওয়ার অধিকার আছে । চাকরীস্থলের অধিকারের অর্ন্তভুক্ত হল : মাইনের রেট, কত ঘন্টা কাজ করতে হবে- সেই বিষয়টি, এবং ছুটির সংখ্যা । এর মধ্যে কয়েকটির আভাস নিচে দেওয়া হল :

অতিরিক্ত তথ্যের জন্য অথবা যদি আপনার চাকুরীদাতার সঙ্গে আপনার কোন সমস্যা হয় এবং মনে করেন যে আপনার সঙ্গে অন্যায্য ব্যবহার করা হচ্ছে, তাহলে আপনি ট্রেড ইউনিয়ন, ডিপার্টমেন্ট অফ এন্টারপ্রাইজ, ট্রেড অ্যান্ড এমপ্লয়মেন্ট, অথবা ইকোয়ালিটি অথরিটি- এর সঙ্গে যোগাযোগ করতে পারেন । তাঁরা আপনাকে চাকরীস্থলের অধিকার বিষয়ে আরো তথ্য দেবেন । এই বুকলেটে '***অভিযোগ করুন*** (সেকশন ৪) নামের সেকশনটিও দেখুন ।

ন্যূনতম মাইনে

ন্যূনতম মাইনে বর্তমানে ঘন্টায় ৭.৬৫ ইউরো । কয়েকটি সেক্টরে এটি এর থেকে বেশী (ডি.ই.টি.ই. অথবা আপনার ট্রেড ইউনিয়নের থেকে জেনে নিন)।

চাকরীর শর্ত

কাজ শুরুর দুই মাসের মধ্যে আপনার চাকরিদাতা আপনাকে কাজের খুঁটিনাটি জানাতে বাধ্য থাকবে । বিস্তারিত তথ্যের মধ্যে পড়ে চাকুরিদাতার নাম ও ঠিকানা, কর্মস্থল, কাজের নাম ও কাজের ধরন, কোন তারিখে আপনি কাজ শুরু করেছেন, কি ধরনের চুক্তি (অস্থায়ী অথবা স্থায়ী) মাইনের রেট, পে ইন্টারভ্যাল, কত ঘন্টা কাজ করতে হবে (ওভারটাইম সহ), সবেতন ছুটি, কর্মচারী অসুস্থ বা আহত হলে কি ব্যবস্থা করা হবে, পেনশন, নোটিশ দেওয়া, এবং মিলিত চুক্তি । এই স্টেটমেন্টে কোন বদল হলে, চাকুরীদাতা কর্মচারীকে এক সপ্তাহের মধ্যে জানাবেন ।

পে স্লিপ

আইনানুযায়ী প্রতিবার চাকুরীদাতার থেকে মাইনের সঙ্গেই আপনার একটি পে-স্লিপও পাওয়া উচিত । পে-স্লিপে আপনার মাইনে থেকে কেটে নেওয়া অর্থের, যেমন - কর এবং পি.আর.এস.আই. ইত্যাদি বিষয়ে বিস্তারিত জানানো থাকে । পে-স্লিপগুলো আপনার রেকর্ড হিসাবে রেখে দেওয়া উচিত । যদি আপনাকে পে-স্লিপ না দেওয়া হয়, তবে আপনার উচিত মাইনের রেকর্ড নোটবইয়ে লিখে রাখা, যেমন এই বইয়ের পিছনে উদাহরণ দেওয়া আছে : ‘মাইনের রেকর্ড এবং কত ঘন্টা কাজ করা হয়েছে’ ।

‘লিভিং ইন’

যদি আপনি ‘লিভিং ইন’ করেন, (অর্থাৎ আপনার বাসস্থানের খরচ যদি নিয়োগকর্তা দেন), তাহলে তা পূরণের জন্য আপনার মাইনে থেকে ৫৪ ইউরো কেটে নেওয়া হতে পারে। তবে প্রথমে এ বিষয়ে আপনার সঙ্গে অবশ্যই কথা বলে নিতে হবে। টাকা কেটে নেওয়া হলে, তা আপনার পে-স্লিপের অর্ন্তভূক্ত করতে হবে। যদি আপনার নিয়োগকর্তা আপনার বাসস্থানের ব্যবস্থা করেন, তবে তা অবশ্যই মানানসই মানের হতে হবে।

কাজের সময়

প্রতি সপ্তাহে আপনি সর্বোচ্চ ৪৮ ঘন্টা কাজ করতে পারেন (গড়ে চার মাসের কিছু বেশি)। প্রতি ২৪ ঘন্টায় ১১ ঘন্টা একটানা বিশ্রাম এবং প্রতি সপ্তাহে একদিন ছুটি (একটানা ২৪ ঘন্টা) আপনি পেতে পারেন।

যদি আপনি রবিবারে কাজ করেন, আপনার বাড়তি মাইনে অথবা অবসর সময় (অন্য কোন তারিখের পুষিয়ে দিতে হবে) পাওয়ার অধিকার আছে। যদি আপনি সাধারণ ছুটির দিনে কাজ করেন, আপনার একটি বাড়তি দিন ছুটি অথবা একটি বাড়তি দিনের বেতন পাওয়া উচিত।

ছুটি

আপনি পেতে পারেন ছুটির দিন, অসুস্থতা জনিত, মাতৃত্ব, অভিভাবকত্ব জনিত, আপৎকালীন (‘Force Majeure’) এবং কেরিয়্যার লিভ।

কিছুটা সবেতন, বাকীটা বেতন ছাড়া । আপনি কাজ থেকে কখন ছুটি নিতে পারেন (অসুস্থতা এবং জরুরী অবস্থা বাদে) , সে বিষয়ে অবশ্যই আপনার ও আপনার নিয়োগকর্তার মতের মিল হওয়া প্রয়োজন ।

হলিডে' **-** যতটা সময় কাজ করা হয়েছে, তার হিসেবেই ছুটির দিন ধার্য্য হয় । আপনি যত ঘন্টা কাজ করেছেন, তার ৮%, অথবা বছর প্রতি ৪টি ওয়ার্কিং সপ্তাহ । যদি আপনি এক বছর ধরে ফুল টাইম কাজ করেন, তবে ৯টি সবেতন পাবলিক হলিডে সহ আপনার ২০টি ছুটির দিন (বাৎসরিক) প্রাপ্য । এই পাবলিক হলিডেগুলো হল :

১লা জানুয়ারী, সেন্ট প্যাট্রিক ডে', ইস্টার সোমবার, মে মাসের প্রথম সোমবার, জুন মাসের প্রথম সোমবার, আগস্ট মাসের প্রথম সোমবার, অক্টোবর মাসের শেষ সোমবার, ক্রিসমাস ডে', সেন্ট স্টিফেনস ডে' ।

যদি আপনি একটি বেতন সহ ছুটির দিন না পান, তাহলে তার বদলে আপনি একটি অতিরিক্ত দিনের মাইনে পেতে পারেন, অথবা, একমাসের মধ্যে যে কোন একদিন বেতন সহ ছুটি পেতে পারেন, অথবা বাৎসরিক ছুটির সঙ্গে একটি দিন বাড়তি পেতে পারেন ।

অসুস্থতাজনিত ছুটি (সিক লিভ) **-** আপনার সিক লিভ এবং সিক পে' বাবদ প্রাপ্য অবশ্যই আপনার চুক্তিতে অথবা কাজের শর্তাবলীতে লিপিবদ্ধ থাকতে হবে । আপনি অসুস্থ থাকাকালীন আপনাকে মাইনে দিতে আপনার নিয়োগকর্তা বাধ্য নন । একটি নির্দিষ্ট সংখ্যায় পি.আর.এস.আই. দিয়ে থাকলে (সোশ্যাল ওয়েলফেয়ারের ওপর সেকশনটি দেখুন)

ডিপার্টমেন্ট অফ সোশ্যাল অ্যান্ড ফ্যামিলি অ্যাফেয়ার্স-এর কাছে অসুস্থতা জনিত ভাতা চাওয়া যেতে পারে। আপনার ডাক্তারের দেওয়া ফর্মটি আপনাকে অবশ্যই প্রথমে পূরণ করতে হবে।

আপনার নিয়োগকর্তা আপনাকে বাৎসরিক ছুটি নিতে বাধ্য করতে পারেন না। সিক লিভের অধিকার বিষয়ে কোন নির্দিষ্ট আইন নেই। তবে, তিনদিনের বেশি অসুস্থতার দরুণ কাজে অনুপস্থিত থাকলে আপনি সাধারণত: একটি মেডিক্যাল সার্টিফিকেট দেখাতে বাধ্য থাকবেন।

জরুরী ছুটি (এমার্জেন্সী লিভ- 'force majeure') আপনার পরিবারের কোন সদস্য হঠাৎ অসুস্থ বা আহত হলে আপনি ছুটি নিতে পারেন যদি তাঁর কাছে আপনার উপস্থিত থাকা প্রয়োজনীয় হয়। এটি সবেতন ছুটি। আপনি ১২ মাসে ৩ দিন অথবা ৩৬ মাসে ৫ দিন নিতে পারেন। আপনার নিয়োগকর্তাকে লিখিত ভাবে জানাতে হবে যে আপনি 'force majeure' ছুটি নিচ্ছেন।

মাতৃত্বজনিত ছুটি - ১৮ সপ্তাহ সবেতন ছুটি এবং আরো ৮ সপ্তাহ বেতনহীন ছুটি আপনার প্রাপ্য ('নারী'-দের ওপরে বিভাগটি দেখুন)।

অভিভাবকত্বের ছুটি (পেরেন্টাল লিভ) - যে ব্যক্তি অন্তত: এক বছর ধরে কর্মরত, তিনি ১৪ সপ্তাহ পর্যন্ত বেতনহীন ছুটি নিতে পারেন নিজ সন্তানের দেখাশুনা করার জন্য।

বাচ্চা (দের) বয়স ৫ বছরের কম হতে হবে ।

স্পেশাল লিভ **-** এই বিষয়ে আপনাকে কথা বলতে হবে ও আপনার নিয়োগকর্তার সঙ্গে একমত হতে হবে । ধরে নেবেন না যে আপনি এর আগে যে দেশে ছিলেন, সেখানকার মতো একইরকম ছুটির অধিকার আপনার আছে ।

স্বাস্থ্য ও সুরক্ষা - আইনানুযায়ী (হেলথ অ্যান্ড সেফটি ওয়েলফেয়ার অ্যাট ওয়র্ক অ্যাক্ট ১৯৮৯) আপনার নিয়োগকর্তা আপনার কর্মস্থলের পরিবেশকে স্বাস্থ্যসম্মত ও সুরক্ষিত করতে বাধ্য । অতিরিক্ত তথ্যের জন্য অথবা যদি মনে করেন যে আপনার কর্মস্থলের পরিবেশ সুরক্ষিত নয়, স্বাস্থ্য ও সুরক্ষা কতৃপক্ষ এবং / অথবা আপনার ট্রেড ইউনিয়নের সঙ্গে যোগাযোগ করুন ।

অভিযোগ তোলা - আপনার নিয়োগকর্তার সঙ্গে আপনার কাজের পরিস্থিতির বিষয়ে কথা বলার অধিকার আপনার আছে । তবে, যদি আপনার মনে হয় যে আপনার আর কোন উপায় নেই, আপনি আপনার নিয়োগকর্তার বিরুদ্ধে একটি ফর্মাল অভিযোগ করতে পারেন । কাজজনিত সমস্যা ও বিবাদ সাধারণত: লেবার রিলেশন কমিশনের একজন রাইটস কমিশনার শুনে থাকেন ।

এক্ষেত্রে, একজন প্রতিনিধিকে (যেমন, ট্রেড ইউনিয়ন, অভিবাসন প্রতিষ্ঠান, বা নাগরিক তথ্য কেন্দ্র থেকে, বা সলিসিটর) সঙ্গে রাখা সব সময়ই ভালো ।

যদি কাজ বিষয়ে আপনার কোন অভিযোগ থাকে, তাহলে এমপ্লয়মেন্ট রাইটস ইনফরমেশন ইউনিট অফ দি ডিপার্টমেন্ট অফ এন্টারপ্রাইজ, ট্রেড, অ্যান্ড এমপ্লয়মেন্ট-এর সঙ্গে যোগাযোগ করুন । তারাই আপনাকে আপনার পরবর্তী পদক্ষেপ সম্বন্ধে অবহিত করবে ।

বৈষম্য জনিত বিবাদ শোনা হয় ইক্যোয়ালিটি ট্রাইবুনাল বা লেবার কোর্টে (ইকোয়্যালিটি কর্তৃপক্ষ পরামর্শ দিয়ে থাকেন) ।

অন্যায্যভাবে বরখাস্ত - যদি আপনি ১২ মাস ধরে কোথাও কর্মরত থাকেন, তবে অন্যায্যভাবে বরখাস্ত হওয়ার বিরুদ্ধে আপনার আইনী সুরক্ষা আছে । যদি ১২ মাসের কম সময় ধরে কোথাও কর্মরত থাকেন, কিছু ক্ষেত্রে আপনি সুরক্ষিত ; যেমন, ট্রেড ইউনিয়নের সদস্য হবার কারণে বা মাতৃত্বজনিত কারণে যদি আপনাকে বরখাস্ত করা হয় ।

'গঠনমূলক বরখাস্ত' হল এমন পরিস্থিতি যেখানে আপনার কাজের পরিবেশ এতোই খারাপ ছিলো যে আর কোন উপায় না দেখে আপনি চাকরী ছাড়তে বাধ্য হলেন । অতিরিক্ত তথ্যের জন্য এমপ্লয়মেন্ট

ইনফরমেশন ইউনিট অফ দি ডিপার্টমেন্ট অফ এন্টারপ্রাইজ, ট্রেড, অ্যান্ড এমপ্লয়মেন্ট, এবং আপনার ট্রেড ইউনিয়নের সঙ্গে যোগাযোগ করুন ।

বৈষম্য

কাজের সন্ধানে আছেন, অথবা কর্মরত কোন ব্যক্তির বিরুদ্ধে, জাতি (নাগরিকত্ব ও জন্মসূত্রও এর অন্তর্ভূক্ত), লিঙ্গ, প্রতিবন্ধকতা, বৈবাহিক অবস্থা, পারিবারিক অবস্থা, ধর্ম, বা যৌন মতের ওপর ভিত্তি করে, অথবা যাযাবর সম্প্রদায়ভূক্ত হবার কারণে বৈষম্যমূলক আচরণ করা বেআইনী । এই আইন আপনার ক্ষেত্রেও প্রযোজ্য যদি আপনি কারুর গৃহে কর্মরত থাকেন ।

যদি আপনার সঙ্গে বৈষম্যমূলক আচরণ করা হয়ে থাকে, আপনার ইকোয়্যালিটি কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা উচিত । শেষ বৈষম্যমূলক আচরণ সংঘটিত হবার ৬ মাসের মধ্যে (ব্যতিক্রমী ক্ষেত্রে এই সময়সীমা বাড়ানো যায়) তাদের সঙ্গে যোগাযোগ করা প্রয়োজন ।

ট্রেড ইউনিয়ন

ট্রেড ইউনিয়নে যোগদান করার অধিকার আপনার আছে । ট্রেড ইউনিয়ন তার সদস্যদের অধিকার রক্ষার্থে, অন্যায্য ব্যবহার থেকে সদস্যদের সুরক্ষা দিতে, এবং মাইনে বাড়াতে ও কাজের পরিবেশের উন্নতিকল্পে কাজ করে । দেশে বহু সংখ্যক ট্রেড ইউনিয়ন আছে আপনার কাজের ওপর ভিত্তি করে ।

ইউনিয়নগুলোর একটি তালিকার জন্য আইরিশ কংগ্রেস অফ ট্রেড ইউনিয়নের (ICTU) সঙ্গে যোগাযোগ করুন ।

আপনার নিয়োগকর্তার অগোচরে ট্রেড ইউনিয়নে যোগদান করা সম্ভব । আপনার কোন অভিযোগ থাকলে ট্রেড ইউনিয়ন আপনার প্রতিনিধিত্ব করতে পারে । ট্রেড ইউনিয়নের সদস্যপদ আপনাকে ব্যবহৃত হওয়ার বিরুদ্ধে সুরক্ষা দেয় ।

সমস্ত কর্ম জনিত সমস্যার ওপর অতিরিক্ত তথ্যের জন্য ডিপার্টমেন্ট অফ এন্টারপ্রাইজ, ট্রেড, অ্যান্ড এমপ্লয়মেন্ট ও আপনার ট্রেড ইউনিয়নের সঙ্গে যোগাযোগ করুন ।

কমেয়ার্ল এবং আপনার স্থানীয় নাগরিক তথ্য কেন্দ্র / সার্ভিস (CIC/CIS) থেকেও তথ্য পাওয়া যায় । এই ওয়েবসাইটগুলো দেখুন : www.comhairle.ie or www.cidb.ie

নিচের তথ্যাবলী কর সম্বন্ধে কিছু গুরুত্বপূর্ণ অংশে জোর দিয়েছে ও আয়ারল্যান্ডের কর ব্যবস্থা সংক্ষেপে ব্যাখ্যা করেছে। কর ও পি.আর.এস.আই. ()-এর জন্য এবং আপনার কর সঠিকভাবে গণনা হওয়ার জন্য আপনার নথিভূক্ত থাকা গুরুত্বপূর্ণ (সেকশন ৬ দেখুন)। কর সম্বন্ধে অতিরিক্ত তথ্যের জন্য রাজস্ব (রেভিন্যু) কমিশনারের সঙ্গে যোগাযোগ করুন।

আঞ্চলিক কর অফিসের একটি সম্পূর্ণ তালিকা পাওয়া যাবে এই সাইটে : www.revenue.ie অথবা এই নম্বরে ফোন করে : লো-কল - ১৮৯০ ২০৩০৭০। সারা দেশ জুড়ে স্থানীয় নাগরিক তথ্য কেন্দ্র / সার্ভিস (CIC/CIS) আছে যারা আপনাকে অতিরিক্ত স্বতন্ত্র পরামর্শ দেবে (পুরো তালিকার জন্য www.cidb.ie সাইটটি দেখুন)।

পিপিএস নাম্বার ও করের জন্য নথিভূক্ত হওয়া

একটি পিপিএস নাম্বার (পার্সোনাল পাবলিক সার্ভিস নাম্বার) পাওয়া খুবই দরকারী। পিপিএস নাম্বার একটি অফিসিয়াল নির্দেশক সংখ্যা এবং সমস্ত পাবলিক সার্ভিস এজেন্সী যেমন- কর অফিস, সোশ্যাল ওয়েলফেয়ার, হেলথ সার্ভিসেস ইত্যাদির সঙ্গে কারবারের ক্ষেত্রে ব্যবহৃত হয়। আপনি আপনার পিপিএস নাম্বারের জন্য আপনার স্থানীয় ওয়েলফেয়ার অফিসে (REG1 ফর্মটি পূরণ করুন) আবেদন করতে পারেন।

আপনার লাগবে ঠিকানার প্রমাণ / যেখানে আপনি থাকেন, এবং পরিচয়পত্র (পাসপোর্ট, জি.এন.আই.বি. কার্ড অথবা অন্য কোন অফিসিয়াল জাতীয় পরিচয়পত্র - National Identity Card)।

যদি এমন হয় যে আপনি এই প্রথম আয়ারল্যান্ডে কাজ করছেন, আপনাকে করের জন্য নাম নথিভূক্ত করাতে হবে। যদি আপনার পি.পি.এস. নাম্বার থাকে ও একটি কাজ খুঁজে পেয়ে থাকেন, ফর্ম ১২এ পূরণ করুন (নিচে দেখুন) এবং রাজস্ব বিভাগে তা পাঠিয়ে দিন। আপনি 'ট্যাক্স ক্রেডিটের নির্দেশক একটি নোটিশ, এবং স্ট্যান্ডার্ড রেট কাট-অফ পয়েন্ট' পাবেন। কর ক্রেডিটের একটি সার্টিফিকেট ও স্ট্যান্ডার্ড রেট কাট-অফ পয়েন্ট আপনার নিয়োগকর্তাকেও পাঠানো হবে। (আপনার পি.পি.এস. নাম্বার থাকা ও ১২এ ফর্মটি পূরণ করা এক্ষেত্রে দরকার)।

পি.পি.এস. নাম্বার পাওয়ার আগেই আপনি কাজ শুরু করতে পারেন ; তবে আপনাকে উচ্চতর হারে কর (আপৎকালীন কর) দিতে হবে। এটি পরে আপনাকে শোধ করে দেওয়া হবে। পি.পি.এস. নাম্বার পেলে আপনার নিয়োগকর্তাকে তা জানান এবং/অথবা ১২এ ফর্মটি পূরণ করুন।

PAYE (Pay As You Earn) কর ব্যবস্থা

কর্মচারীদের থেকে এই 'আয়ের সাথে সাথে শোধ করুন' (PAYE) পদ্ধতিতে কর কেটে নেওয়া হয়।

ট্যাক্স ক্রেডিট ও ট্যাক্স ব্যান্ড

আপনি ট্যাক্স ক্রেডিট দাবী করতে পারেন । ট্যাক্স ক্রেডিট হল আপনার আয়ের সেই অংশটি যা করমুক্ত । যত বেশি ক্রেডিট হবে, আপনাকে তত কম কর শোধ করতে হবে । একটি নির্দিষ্ট সংখ্যার নিচে আপনার আয় হলে আপনাকে কোন কর শোধ নাও করতে হতে পারে ।

ট্যাক্স ক্রেডিটের আওতায় পড়ে অবিবাহিত, বিবাহিত, ও বিগতদার ব্যক্তিগণের জন্য, একক পিতা/মাতার পরিবারের জন্য, হোম-কেয়ারারের জন্য, অসমর্থ বাচ্চাদের জন্য, নির্ভরশীল আত্মীয়ের জন্য, এবং PAYE ছাড় ।

প্রধানত: দুই ধরনের ট্যাক্স ব্যান্ড আছে : যদি আপনি ২৯,৪০০ ইউরোর কম আয় করেন, তবে আপনি ২০% কর শোধ করবেন (কর ক্রেডিট বাদে) ; এবং, ২৯,৪০০ ইউরোর ওপর যে কোন আয়ের ক্ষেত্রে ৪২% কর শোধ করতে হবে ।

১২এ ফর্মটি আপনার কর ক্রেডিট ও ট্যাক্স ব্যান্ড গণনায় সাহায্য করে । যদি আপনি বিবাহিত হন এবং আপনার স্বামী / স্ত্রী আয়ারল্যান্ডে বসবাসরত ও উপার্জনক্ষম না হন, আপনি বিবাহিতের ট্যাক্স ক্রেডিট ও বর্ধিত ট্যাক্স ব্যান্ডের জন্য যোগ্য হতে পারেন ।

নোট : যে কোন তথ্য যা আপনি রাজস্বকে নিজের সম্বন্ধে দেন, তা গোপনীয় এবং আপনার নিয়োগকর্তাকে দেওয়া হবে না ।

ট্যাক্স রিটার্ন অ্যান্ড রিফান্ড

আপনি কিছু খরচের ক্ষেত্রে কর ফেরৎ পেতে পারেন (যেমন কিছু চিকিৎসা ও দাঁতের খরচ, বিন চার্জ, ভাড়া ইত্যাদি) । ফর্ম ১২ বা রেন্ট১ পূরণ করে রাজস্ব বিভাগে পাঠালে তারা আপনার গণনা করে দেখবে আপনার রিফান্ড বাবদ কিছু প্রাপ্য কিনা ।

নোট : রেভিন্যু কাস্টমার সার্ভিস অফিস, ৯-১৫ আপার ও'কনেল স্ট্রীট, ডাবলিন ১ (প্রবেশপথ ক্যাথিড্রাল স্ট্রীটে) যথাযথ ফর্মটি পূরণের ক্ষেত্রে (টেলিফোন : ০১ -৮৬৫৫০০০, citycus@revenue.ie) সাহায্য করে । আপনার স্থানীয় কর অফিসে এবং CIC/CIS-এ একইরকম স্থানীয় সহায়ক সার্ভিসের ব্যাপারে খোঁজ নিন ।

ডাবল ট্যাক্সেশন

আয়ারল্যান্ডে, আপনার পৃথিবীব্যাপী আয়ের জন্য আপনাকে কর দিতে হয় । যদি আপনি কর বছরের ভেতর অন্য কোন দেশ থেকে কিছু রোজগার করে থাকেন, তার ওপর আপনাকে কর দিতে হতে পারে । বিভিন্ন দেশের সঙ্গে আয়ারল্যান্ডের চুক্তি রয়েছে দেখার জন্য যাতে এটি না ঘটে । যদি আপনার মনে হয় যে আপনার ক্ষেত্রে এটি হতে পারে,

আপনার উচিত রাজস্ব বা আপনার স্থানীয় নাগরিক তথ্য কেন্দ্র / সার্ভিস (CIC/CIS)-এর সঙ্গে যোগাযোগ করা অতিরিক্ত তথ্য ও পরামর্শের জন্য ।

ট্যাক্স ফর্ম

একটা সময়ে বহুসংখ্যক কর-জনিত ফর্ম আপনাকে পূরণ করতে হবে বা আপনি পাবেন । এর মধ্যে আছে :

ফর্ম পি৪৫ - চাকরী ছাড়ার সময় আপনার নিয়োগকর্তার থেকে এটি আপনার পাওয়া উচিত । এটি আপনার নতুন নিয়োগকর্তাকে দিতে হবে বা সোশ্যাল ওয়েলফেয়ার বেনিফিট চাওয়ার ক্ষেত্রে লাগবে ।

ফর্ম পি৬০ - আপনার পি৬০-এ আপনার সম্পূর্ণ বেতন, কত সপ্তাহ ধরে চাকরী করছেন, কর, পি.আর.এস.আই. ডিডাকশন, এবং চলতি কর বছরে পি.আর.এস.আই. ক্লাস দেখানো হয় ।

ফর্ম ১২এ - এতে ব্যক্তিগত তথ্যাদির রূপরেখা থাকে যাতে ট্যাক্স ক্রেডিট ও স্ট্যান্ডার্ড কাট-অফ পয়েন্ট গণনা করা যায়, যা আপনার বেতন থেকে সঠিক অংশটি কেটে নেওয়ার জন্য জরুরী ।

ফর্ম ১২ - এটি PAYE কর্মচারীদের জন্য বাৎসরিক কর ফেরৎ । আপনি এটি পূরণ করতে পারেন কর ক্রেডিট ও ভাতা চাওয়ার জন্য ; যেমন, আপনি বেশি দিয়ে ফেলে থাকতে পারেন এমন ট্যাক্স ফেরৎ চাওয়ার জন্য ।

যদি আপনি স্বতন্ত্র বাসস্থান ভাড়া করে থাকেন, তাহলে ভাড়ার ওপর ট্যাক্স রিলিফ দাবী করার জন্য ফর্ম রেন্ট১ ব্যবহার করা হয় ।

ফর্ম পি৫০ - এটি আপনার পূরণ করা উচিত যদি আপনি ট্যাক্স রিফান্ড পাওয়ার চেষ্টা করেন এবং ন্যূনতম চার সপ্তাহ ধরে বেকার থাকেন, অথবা যদি আপনি আয়ারল্যান্ড ছেড়ে যান ।

ফর্ম পি২১ ভারসাম্যের দলিল (ব্যালান্সিং স্টেটমেন্ট) - এটি নির্দিষ্ট কর বছরে আপনার সম্পূর্ণ আয়, ট্যাক্স ক্রেডিট, এবং পরিশোধিত করের একটি দলিল ।

অতিরিক্ত তথ্য এবং ফর্ম পাওয়া যাবে রাজস্ব বিভাগ থেকে (www.revenue.ie)

সোশ্যাল ওয়েলফেয়ার ব্যবস্থার জন্য ডিপার্টমেন্ট অফ সোশ্যাল অ্যান্ড ফ্যামিলি অ্যাফেয়ার্স (DSFA) দায়ী। আপনার প্রশ্ন নিয়ে তাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন। তাছাড়া, আপনার স্থানীয় CIC/CIS- এও যোগাযোগ করতে পারেন।

আয়ারল্যান্ডের সোশ্যাল ওয়েলফেয়ার ব্যবস্থার দুটি প্রকল্প আছে :

সোশ্যাল ইনশিওরেন্স স্কীম (অবদানমূলক)

এগুলো তাদের প্রাপ্য যারা একটি নির্দিষ্ট সংখ্যায় সোশ্যাল ইনশিওরেন্স পরিশোধ করেছে , যেমন পি.আর.এস.আই. (Pay Related Social Insurance)। বিভিন্ন পে'মেন্টে সাধারণত: 'অবদানমূলক' বা বেনিফিট কথাটি টাইটেলে লেখা থাকে।

সামাজিক সহায়তা (অবদানমূলক নয়)

কম আয়ের ওপর ভিত্তি করে ও 'সামর্থ্য পরীক্ষা' করেই এটি দেওয়া হয়ে থাকে (যথা, আপনার আয় অবশ্যই একটি নির্দিষ্ট মানের নিচে হতে হবে)। এই সাহায্যগুলো পি.আর.এস.আই.-এর মাধ্যমে আপনার অবদানের ওপর নির্ভরশীল নয়।

নোট : ই.ইউ.-এর দেশগুলোতে এবং নতুন তৈরি দেশগুলোতে অবদান হিসাবে দেওয়া সামাজিক সুরক্ষা অর্থ

(সোশ্যাল সিকিওরিটি কন্ট্রিবিউশন) সাহায্য হিসাবে দাবী করা যেতে পারে ।

সোশ্যাল ইনশিওরেন্স এবং সহায়তামূলক অর্থের অর্ন্তভূক্ত হল (পুরো তালিকার জন্য DSFA-এর সঙ্গে যোগাযোগ করুন) :

- বেকার ভাতা এবং সহায়তা
- প্রতিবন্ধী ভাতা ও সুযোগসুবিধা
- সন্তান ভাতা
- যত্নকারীর ভাতা ও সুযোগসুবিধা
- পরিবার আয় যোজনা
- মাতৃত্ব ভাতা
- দত্তক ভাতা
- পেশাগত আঘাত ভাতা
- ভাড়া যোজনা

হ্যাবিচুয়াল রেসিডেন্স কন্ডিশন (এইচ.আর.সি.)

কিছু কিছু সমাজসেবা মূলক ভাতা পাওয়ার জন্য ব্যক্তিকে অবশ্যই ‘হ্যাবিচুয়াল রেসিডেন্ট’ হতে হবে । হ্যাবিচুয়াল রেসিডেন্সের অর্থ হল যে, একজন ব্যক্তির আয়ারল্যান্ডের সঙ্গে প্রামাণ্য লিঙ্ক আছে ; যথা, আপনি আয়ারল্যান্ডে ২ বা ততোধিক বছর ধরে আছেন, আপনি এখানে কাজ করেন এবং পাকাপাকি ভাবে থাকতে চান ও একে আপনার স্থায়ী দেশ বানাতে চান ।

আপনাকে প্রমাণ দিতে হবে যে আপনি 'হ্যাবিচুয়াল রেসিডেন্ট'। সোশ্যাল ওয়েলফেয়ার অ্যাপীল অফিসের মাধ্যমে কোন সিদ্ধান্তের বিরুদ্ধে অ্যাপীল করা যায়। (করের কারণে ব্যবহৃত অন্যান্য রেসিডেন্সীর সংজ্ঞা থেকে হ্যাবিচুয়াল রেসিডেন্সী পৃথক)।

ভাতা ও সুযোগসুবিধা যা HRC দ্বারা সীমাবদ্ধ, তার অন্তর্ভূক্ত হল :

- বেকারত্বের সময় সহায়তা
- বৃদ্ধাবস্থায় অবদানহীন পেনশন
- অন্ধত্ব পেনশন
- বিধবা, বিগতদার এবং অনাথের অবদানহীন পেনশন
- যিনি যত্ন নেন, তাঁর সুযোগসুবিধা
- প্রতিবন্ধত্ব ভাতা
- সম্পূরক হিতকারক ভাতা (সাপ্লিমেন্টারি ওয়েলফেয়ার অ্যালাউয়েন্স- ব্যতিক্রমী ও জরুরী ভিত্তির পে'মেন্ট ছাড়া)
- একক পিতা/মাতার সংসার খরচ
- সন্তান ভাতা (যদি কাজ না করেন বা স্ব-প্রতিষ্ঠিত হন)

নোট : আপনি যদি 'হ্যাবিচুয়াল রেসিডেন্ট' নাও হন, আপনি একটি ব্যতিক্রমী ও জরুরীকালীন খরচের (আপৎকালীন পে'মেন্ট) আওতায় আসতে পারেন।

এক্ষেত্রে আবেদন করার জন্য, আপনার স্থানীয় স্বাস্থ্য কেন্দ্রে কমিউনিটি ওয়েলফেয়ার অফিসারের (CWO) সঙ্গে যোগাযোগ করুন ।

নোট : যদি আপনি ই.ইউ. থেকে আসেন, আপনাকে সন্তান ভাতা বা একক পিতা/মাতার সংসার খরচের ক্ষেত্রে আবেদনের জন্য আটকাবে না ।

সোশ্যাল ওয়েলফেয়ারের জন্য আবেদন

সোশ্যাল ওয়েলফেয়ারের জন্য আবেদন করা বা অতিরিক্ত তথ্যের জন্য আপনার স্থানীয় ওয়েলফেয়ার অফিসে (www.welfare.ie সাইটটি দেখুন স্থানীয় ওয়েলফেয়ার অফিসের একটি পূর্ণ তালিকা পাওয়ার জন্য অথবা DFSA-তে এই নম্বরে ফোন করুন) যোগাযোগ করুন ।

অ্যাপীল

সোশ্যাল ওয়েলফেয়ার কৃত কোন সিদ্ধান্তের বিরুদ্ধে আপনি অ্যাপীল করতে পারেন আপনাকে সিদ্ধান্তটি পাঠানোর ২১ দিনের ভেতর ; এর জন্য আপনাকে সোশ্যাল ওয়েলফেয়ার অ্যাপীল অফিসে, যা একটি স্বাধীন সংগঠন, যোগাযোগ করতে হবে । আপনাকে SWAO 1 ফর্মটি পূরণ করতে হবে যা আপনার স্থানীয় ওয়েলফেয়ার অফিসে পাওয়া যাবে । আপনার নাম, ঠিকানা ও পি.পি.এস. নাম্বার সহ আপনার কেসটি সম্পূর্ণ রূপে লিপিবদ্ধ করা দরকার ।

গার্ডা সায়োচেনা (পুলিশ)

পুলিশকে গার্ডা / গার্ডাই / গার্ডা সায়োচেনা নামে ডাকা হয় (আইরিশ ভাষায় পুলিশের নাম, যার অর্থ হল 'শান্তিরক্ষক') ।

ডাবলিনে আপনাকে অভিবাসন (ইমিগ্রেশন) সংক্রান্ত যে কোন ব্যপারে গার্ডা ন্যাশনাল ইমিগ্রেশন ব্যুরোতেই যেতে হবে ।

ডাবলিনের বাইরে ইমিগ্রেশন অফিসার একটি স্থানীয় গার্ডা স্টেশনে থাকেন । আপৎকালীন অবস্থায় ৯৯৯, অথবা ১১২ নম্বরে ফোন করুন ।

এছাড়াও, আপনি আপনার স্থানীয় গার্ডা স্টেশনে যেতে বা ফোন করতে পারেন, যদি আপনি কোন অনুসন্ধান করতে চান বা আপনার কোন সংশয় থাকে, এমনকি যদি সেটি আপৎকালীন নাও হয় ।

গার্ডা জাতিবিদ্বেষ ও আন্তঃসাংস্কৃতিক ইউনিট (GARDA RACIAL AND INTERCULTURAL UNIT)

গার্ডা সায়োচেনা'র অভ্যন্তরে একটি গার্ডা জাতিবিদ্বেষ ও আন্তঃসাংস্কৃতিক ইউনিট রয়েছে । এই ইউনিটটি জাতিবিদ্বেষ-জনিত বিভিন্ন সমস্যা সামলায় । মোট ১৪৫ জন এথনিক লিয়াসন অফিসার আছেন যাঁরা স্থানীয় গার্ডা স্টেশনে থাকেন । এথনিক লিয়াসন অফিসার ও সংশ্লিষ্ট অন্য বিষয়ের ওপর আরো তথ্যের জন্য আপনি ইউনিটের সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে : ০১ - ৬৬৬ - ৩১৫০ বা এই ওয়েবসাইটে www.garda.ie .

গ্রেপ্তার

আপনি যদি গ্রেপ্তার হন, আপনার কতকগুলো অধিকার ও দায়িত্ব থাকবে। তার অর্ন্তভূক্ত হল :

- যদি আপনাকে বলা হয় যে আপনাকে গ্রেপ্তার করা হচ্ছে, জিজ্ঞাসা করুন কি কারণে ও কোন ক্ষমতায় অথবা আইনে।

- চাওয়া হলে গার্ডাকে আপনার নাম ও ঠিকানা দেওয়া উচিত।

- গার্ডাকে তার পরিচয় জানাতে বলার অধিকার আপনার আছে।

- যদি আপনার কাছে পরিচয়পত্র চাওয়া হয় (GNIB কার্ড অথবা পাসপোর্ট), তাহলে তা আপনার গার্ডাকে দেওয়া উচিত। তবে, এই দলিলের একটি ফটোকপি আপনার নিয়ে নেওয়া উচিত। যে গার্ডা আপনার পরিচয়পত্র নিলেন, একটি রশিদ সহ তাঁর নাম ও পরিচয়পত্রের নাম্বার নিয়ে নিন।

- আপনি যদি গ্রেপ্তার হন, কেবল সেক্ষেত্রেই আপনি গার্ডার সঙ্গে যেতে বাধ্য। আপনি যদি গ্রেপ্তার না হন, সেক্ষেত্রে গার্ডাইকে কেবল তাদের 'অনুসন্ধানে সাহায্য করার জন্য' অথবা জিজ্ঞাসাবাদের জন্য আপনাকে তাদের সঙ্গে যেতে হবে না।

- আপনার একজন সলিসিটারের সঙ্গে যোগাযোগ করার অধিকার আছে এবং আপনার তা অবিলম্বেই করা উচিত।

• একজন বিদেশী নাগরিক হিসাবে, আপনার দূতাবাসের সঙ্গে যোগাযোগের অধিকার আপনার আছে ।

যদি আপনাকে জিজ্ঞাসাবাদ করা হয়, সেক্ষেত্রে একজন অনুবাদক বা দ্বিভাষী পাওয়ার অধিকারও আপনার আছে ।

অতিরিক্ত তথ্য আইরিশ কাউন্সিল ফর সিভিল লিবার্টিজ (ICCL) থেকে পাওয়া যাবে এই সাইটে : www.iccl.ie

আইনী পরামর্শ

আইনী পরামর্শ ও আইনী প্রতিনিধিত্ব পাওয়ার অনেক উপায় আছে । বিনামূল্যেও আইনী পরামর্শ পাওয়া সম্ভব ।

আপনি একজন সলিসিটরের সঙ্গে যোগাযোগ করতে পারেন । সলিসিটরদের ব্যাপারে বিস্তারিত পাওয়া যাবে সোনালী পাতায় ।

আপনার কাছে সলিসিটর নেওয়ার জন্য যথেষ্ট টাকা না থাকলে লিগ্যাল এইড বোর্ড বিনামূল্যে আইনী পরামর্শ ও প্রতিনিধিত্ব দিয়ে থাকে । একটি সামর্থ্য পরীক্ষা হয় ও এর জন্য সামান্য ফি দিতে হয় । একটি ওয়েটিং লিস্টও আছে ।

স্থানীয় নাগরিক তথ্য কেন্দ্র / সার্ভিস (CIC/CIS)-এ ফ্রী আইনী পরামর্শ ক্লিনিক (Free Legal Advice Clinics -FLAC) চালায় । আইনজ্ঞরা এই ক্লিনিকে তথ্য ও পরামর্শ দিতে পারেন, কিন্তু ক্লায়েন্টের প্রতিনিধিত্ব করতে পারেন না ।

ক্লিনিকের সময় জানার জন্য ও অ্যাপয়েন্টমেন্টের জন্য আপনার স্থানীয় CIC-তে খোঁজ নিন। (বিস্তারিত তথ্যের জন্য আপনার স্থানীয় CIC-র www.cidb.ie সাইটটি দেখুন)।

FLAC, ১৩ লোয়ার ডরসেট স্ট্রীট, ডাবলিন ১ থেকে বিনামূল্যে আইনী পরামর্শ পাওয়া যায়। অফিস চলাকালীন সময়ে আপনি টেলিফোন রেফারেল / বা তথ্য লাইনটিতে ফোন করতে পারেন।

কাজের সম্বন্ধীয় ব্যাপারে আপনার ট্রেড ইউনিয়নও আপনাকে আইনী পরামর্শ দিতে পারে এবং আপনার প্রতিনিধিত্ব করতে পারে।

নারী

মাতৃত্বের ছুটি - মা হওয়ার কারণে আপনাকে বরখাস্ত করা (আপনার চাকরীটি হারানো) যাবে না। ১৮ সপ্তাহের সবেতন ছুটি ও আরো ৮ সপ্তাহের বেতনহীন ছুটি আপনার প্রাপ্য। মেটারনিটি লিভ শুরু করার অন্তত: ৪ সপ্তাহ আগে আপনার নিয়োগকর্তাকে জানাতে হবে যে আপনি মা' হতে চলেছেন। আপনাকে অবশ্যই বাচ্চার জন্মের সম্ভাব্য তারিখের অন্তত: ২ সপ্তাহ আগে থেকে মেটারনিটি লিভ নিতে হবে। আপনার নিয়োগকর্তা এই মেটারনিটি লিভের জন্য আপনাকে অর্থ নাও দিতে পারেন, কিন্তু সোশ্যাল ওয়েলফেয়ার দেবে যদি আপনি একটি নির্দিষ্ট পরিমাণ পি.আর.এস.আই. শোধ করে থাকেন।

মাতৃত্ব-পূর্ব (অ্যান্টি-নেটাল) বা পরবর্তী কালে ডাক্তারের কাছে যাওয়ার জন্য একজন কর্মচারী বেতন না হারিয়েই ছুটি নিতে পারবেন। তবে বিষয়টি ২ সপ্তাহ আগে নিয়োগকর্তাকে জানাতে হবে। একজন গর্ভবতী কর্মচারী কয়েকটি অ্যান্টি-নেটাল ক্লাস যাওয়ার জন্য বেতন না কাটিয়েই ছুটি নিতে পারবেন। পিতাও বেতন না কাটিয়েই শেষ দুটি অ্যান্টি-নেটাল ক্লাসে যাওয়ার জন্য ছুটি নিতে পারবেন।

বাড়িতে হিংসামুলক আচরণ

শারীরীক ভাবে কোন ব্যক্তিকে নির্যাতন করা বেআইনী। পরিবারের সদস্যরাও এর অন্তর্ভূক্ত।

যদি আপনার বাড়িতে হিংসামূলক ঘটনা ঘটে, আপনি সাহায্য ও পরামর্শের জন্য উইমেন'স এইড-এ যোগাযোগ করতে পারেন। নারীদের জন্য আশ্রয়স্থলেরও ব্যবস্থা আছে যা নারীদের গৃহত্যাগ করা দরকারী হয়ে পড়লে তাদের ও তাদের সন্তানদের জন্য আপৎকালীন বাসস্থানের ব্যবস্থা করে।

রেপ ক্রাইসিস সেন্টার তাদের জন্য আশ্রয়ের ব্যবস্থা করে যাদের ওপর যৌন নির্যাতন হয়েছে। পুলিশে রিপোর্ট করার সময়েও তারা আপনাকে সাহায্য করবে।

গর্ভাবস্থা / নারীর স্বাস্থ্য - যদি আপনি একটি পরিকল্পনাহীন মাতৃত্বের সম্মুখীন হন, পরামর্শ ও সাহায্য পাওয়া যাবে। ক্রাইসিস প্রেগন্যান্সি এজেন্সীতে এই নম্বরে ০১ - ৮১৪ -৬২৯২ যোগাযোগ করুন। আয়ারল্যান্ডে গর্ভপাত করানো বেআইনী, তবে ইউ.কে.-তে গর্ভপাত করানো সহ আপনার সবক'টি সুযোগ বিষয়েই আপনি পরামর্শ পেতে পারেন। সারা দেশে অগণিত নারী স্বাস্থ্য কেন্দ্র ও পরিবার পরিকল্পনা ক্লিনিক আছে (যেমন, ওয়েল উওম্যান সেন্টার, এবং আইরিশ ফ্যামিলি প্ল্যানিং অ্যাসোসিয়েশন)। আপনি নারী স্বাস্থ্য সংক্রান্ত (যেমন, যৌন মাধ্যমে সংক্রামিত ইনফেকশন) বিষয়ে তথ্য পেতে পারেন। আপনার স্থানীয় স্বাস্থ্য ক্লিনিকে বা সোনালী পাতায় (বুকলেটের শেষেও দেখুন) তথ্য পাওয়া যাবে।

আপৎকালীন বাসস্থান

বহু সংখ্যক হোস্টেল আপৎকালীন বাসস্থান দেয় । আপনি ডাবলিনের বাইরে থাকলে আপনার কাছাকাছি একটি হোস্টেল পাওয়ার জন্য হোমলেস পার্সনস ইউনিটের কেন্দ্রীয় নাম্বারে যোগাযোগ করুন (বুকলেটের শেষে যোগাযোগ দেখুন) । ডাবলিনের জন্য, আয়ারল্যান্ডের নাগরিক নন, এমন ব্যক্তিদের জন্য তৈরি নো ফিক্সড অ্যাবোড ইউনিট-টির (অংশত: আশ্রয়ের সন্ধানে থাকা ব্যক্তিদের ইউনিট) সঙ্গে যোগাযোগ করুন । অফিস সময়ের (৯-৫) বাইরে যে সমস্ত স্বেচ্ছাসেবী সংস্থা আপৎকালীন বাসস্থানের ব্যবস্থা করে, তাদের কারো সঙ্গে যোগাযোগ করুন (বুকলেটের শেষে দেখুন) ।

স্বাস্থ্য

আপনার গোপন বা সাধারণ স্বাস্থ্য সেবা নেওয়ার সুযোগ আছে । আয়ারল্যান্ডের বাসিন্দা যে কোন ব্যক্তির পক্ষে ন্যূনতম ব্যয়ে (বা বিনামূল্যে যদি আপনার মেডিকেল কার্ড থাকে) পাবলিক হেলথ কেয়ার সার্ভিসের সুযোগ নেওয়া সম্ভব । অতিরিক্ত তথ্যের জন্য স্বাস্থ্য দপ্তর বা আপনার স্থানীয় স্বাস্থ্য ক্লিনিকে যোগাযোগ করুন ।

স্বেচ্ছা স্বাস্থ্য বীমা (Voluntary Health Insurance - VHI) এবং বুপা আয়ারল্যান্ড (BUPA Ireland) হল দুটি সংস্থা যাদের মাধ্যমে আপনি প্রাইভেট হেলথ কেয়ার ইনশিওরেন্সের ব্যবস্থা করতে পারেন । VIVAS নামে আরেকটি নতুন সংস্থাও আছে ।

শিক্ষা

আপনার শিক্ষার অধিকারটি আপনার নাগরিকত্ব, তার পরিস্থিতি, এবং কর পরিশোধ সহ কতদিন আপনি এই দেশে আছেন, তার ওপর নির্ভর করে। মাইগ্রেন্ট কর্মচারীদের সন্তানদের প্রাথমিক ও মাধ্যমিক মানের শিক্ষার অধিকার আছে। অতিরিক্ত তথ্যের জন্য শিক্ষা দপ্তর বা আইরিশ কাউন্সিল ফর ওভারসিজ স্টুডেন্টস (ICOS)-এ যোগাযোগ করুন।

দৈনন্দিন জীবন

আপনার অধিকার বিষয়ে তথ্য ও পরামর্শ পাওয়ার ক্ষেত্রে নাগরিক তথ্য কেন্দ্রগুলো (CICs) বেশ ভালো। আয়ারল্যান্ডের অধিকাংশ শহরেই একটি CIC আছে (www.cidb.ie ওয়েবসাইটটি দেখুন)। আপনার অধিকার বিষয়ে তথ্য পাওয়ার জন্য দরকারী ওয়েবসাইটগুলোর মধ্যে অর্ন্তভূক্ত হল, www.comhairle.ie এবং www.oasis.gov.ie

ব্যাঙ্ক : ব্যাঙ্ক অ্যাকাউন্ট খুলতে গেলে আপনাকে পরিচয়পত্র (যেমন পাসপোর্ট), ঠিকানার প্রমাণ (যেমন, ইউটিলিটি বিল) ও পি.পি.এস. নাম্বার দেখাতে হবে। ব্যাঙ্ক সাধারণত: সোম থেকে শুক্র সকাল ১০টা থেকে বিকেল ৪টে, এবং বৃহস্পতিবারে বিকেল ৫টা পর্যন্ত খোলা থাকে।

আইরিশ ফাইনানশিয়াল সার্ভিসেস রেগুলেটরি অথরিটি (IFSRA) অর্থনৈতিক পরামর্শও দিয়ে থাকে ।

আয়ারল্যান্ডের সমস্ত অর্থনৈতিক সেবা সংস্থার নিয়মকানুনের জন্য IFSRA-ই দায়ী । এটি অর্থনৈতিক খরিদ্দারদের সুরক্ষাও দেয় ও তাদের অর্থনৈতিক বিষয়ে সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য পরামর্শও দিয়ে থাকে । যদি অর্থনৈতিক সেবা পাওয়ার ব্যপারে আপনার কোন অভিযোগ থাকে, তাহলে আপনার IFSRA-এর সঙ্গে যোগাযোগ করা উচিত (যোগাযোগের ব্যপারে বিস্তারিত বুকলেটের শেষে) । তাদের একটি কেন্দ্রও আছে যেখানে আপনি যেতে পারেন : কাস্টমার ইনফরমেশন সেন্টার, কলেজ গ্রীন, ডাবলিন ২ ।

সারা দেশেই লাইব্রেরী আছে । একটি সদস্যপদের কার্ড থাকলে আপনি বিনামূল্যে লাইব্রেরীতে ঢুকতে ও বই নিতে পারবেন ।

নোট : কিছু লাইব্রেরীতে বিনামূল্যে ইন্টারনেটে যাওয়ার সুযোগ আছে ।

আনডকুমেন্টেড কর্মচারীগণ

আনডকুমেন্টেড হওয়া খুব সহজ (বেআইনী বাসিন্দা) । আপনার পরিস্থিতির উন্নতি করা সম্ভব হতে পারে ; সেজন্য যত দ্রুত সম্ভব আপনার সাহায্য খোঁজা উচিত । একাধিক প্রতিষ্ঠান আছে যারা আনডকুমেন্টেড কর্মচারীদের সহায়তা করে ও নিরাপদ জায়গার আমন্ত্রণ দেয় (যেমন, মাইগ্রেন্টস রাইটস সেন্টার আয়ারল্যান্ড - MRCA) .

সেকশন ৯ : প্রতিষ্ঠানগুলোর বিবরণ
অতিরিক্ত তথ্য ও সহায়তার জন্য

এই বুকলেটে অতিরিক্ত তথ্যের জন্য দেওয়া প্রতিষ্ঠানগুলোর মধ্যে আছে :

- **বুপা আয়ারল্যান্ড (BUPA)**
  লো-কল ১৮৯০ ৭০০ ৮৯০ www.bupa.ie
- **সিটিজেন'স ইনফরমেশন সেন্টার (CICs)** –
  পুরো তালিকা'র জন্য সিটিজেন'স ইনফরমেশন কল সেন্টারে
  যোগাযোগ করুন, লো-কল, ১৮৯০ ৭৭৭ ১২১ , www.cidb.ie
- **কমেয়ার্লে**
  ফোন ০১-৬০৫ ৯০০০
  www.comhairle.ie/www.oasis.gov.ie
- **ক্রাইসিস প্রেগন্যান্সি এজেন্সী**
  ফোন ০১-৮১৪ ৬২৯২ www.crisispregnancy.ie
- **ডিপার্টমেন্ট অফ এডুকেশন**
  ফোন ০১-৮৮৯ ৬৪০০, www.education.ie
- **ডিপার্টমেন্ট অফ এন্টারপ্রাইজ, ট্রেড অ্যান্ড এমপ্লয়মেন্ট**
  লো-কল ১৮৯০ ২২০ ২২২, www.entemp.ie
- **ডিপার্টমেন্ট অফ ফরেইন অ্যাফেয়ার্স**
  ফোন ৪৭৮ ০৮২২ http://foreignaffairs.gov.ie
- **ডিপার্টমেন্ট অফ জাস্টিস, ইক্যোয়ালিটি, অ্যান্ড ল' রিফর্ম, ইমিগ্রেশন অ্যান্ড সিটিজেনশিপ**
  লো-কল : ১৮৯০ ৫৫১ ৫০০ , www.justice.ie

- **ডিপার্টমেন্ট অফ সোশ্যাল অ্যান্ড ফ্যামিলি অ্যাফেয়ার্স,**
  ফোন : ৭০৪ ৩০০০ (সাধারণ তথ্য ও অনুসন্ধান),
  লঙ ডিসটেন্স : ১৮৯০ ২০২ ৩২৫ (লিফলেট অর্ডার করার জন্য) www.welfare.ie
- **এমপ্লয়মেন্ট রাইটস ইনফরমেশন ইউনিট, DETE,**
  লঙ ডিসটেন্স : ১৮৯০ ২০১ ৬১৫ , www.entemp.ie
- **ইকোয়ালিটি অথরিটি,**
  লঙ ডিসটেন্স : ১৮৯০ ২৪৫ ৫৪৫, www.equality.ie
- **ইকোয়ালিটি ট্রাইবুনাল**
  লঙ ডিসটেন্স : ১৮৯০ ৩৪৪ ৪২৪,
  www.equalitytribunal.ie
- **FÁS-** দেশ জুড়ে **FÁS**-এর অফিস আছে। একটি পূর্ণ তালিকার জন্য ০১-৬০৭-০৫০০ নম্বরে ফোন করুন বা www.fas.ie- এই ওয়েবসাইটে যান।
- **ফ্রি লিগ্যাল অ্যাডভাইস সেন্টার (FLAC)**
  ফোন : ০১-৮৭৪-৫৬৯০ , www.flac.ie
- **গার্ডা রেশিয়াল অ্যান্ড ইন্টারকালচারাল ইউনিট**
  ফোন : ০১-৬৬৬-৩১৫০ www.garda.ie
- **গার্ডা ন্যাশনাল ইমিগ্রেশন ব্যুরো (GNIB)**
  ফোন : ০১ - ৬৬৬৯১৯৩
- **হেলথ অ্যান্ড সেফটি অথরিটি**
  ফোন : ০১-৬১৪-৭০০০ www.hsa.ie
- **হেলথ সার্ভিসেস এক্সিকিউটিভ**
  ফোন : ০৪৫ ৮৮০ ৪০০ www.hse.ie

- **হোমলেস পার্সনস ইউনিট, হেলথ বোর্ড**
  ফোন করুন ১৮০০-৭২৪-৭২৪ নম্বরে তথ্যাদির জন্য যদি আপনি ডাবলিনের বাইরে থাকেন । ডাবলিনের জন্য, নো ফিক্সড অ্যাবোড ইউনিটে (অ্যাসাইলাম সিকার্স ইউনিটের একটি অংশ) যোগাযোগ করুন ০১-৮৫৮-৫১০০ নাম্বারে ।
- **ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন ফর মাইগ্রেশন (IOM)**
  ফোন ০১-৮৭৮-৭৯০০ www.iomdublin.org
- **আইরিশ কংগ্রেস অফ ট্রেড ইউনিয়ন (ICTU)**
  ফোন :০১-৮৮৯-৭৭৭৭ www.ictu.ie
- **আইরিশ কাউন্সিল ফর ওভারসিজ স্টুডেন্টস (ICOS)**
  ফোন : ০১-৬৬০-৫২৩৩ /৬২০-৫৩১৩ www.icosirl.ie
- **আইরিশ ফ্যামিলি প্ল্যানিং অ্যাসোসিয়েশন (IFPA)**
  ফোন : ০১-৮০৬-৯৪৪৪ www.ifpa.ie
- **আইরিশ ফাইনান্সিয়াল সার্ভিসেস রেগুলেটরি অথরিটি (IFSRA)** লঙ ডিসটেন্স ১৮৯০-৭৭৭-৭৭৭ , www.ifsra.ie
- **লেবার কোর্ট ,** ফোন : ০১-৬১৩-৬৬৬৬ www.labourcourt.ie
- **লিগ্যাল এইড বোর্ড,** ০৬৬-৯৪৭-১০০(হেডকোয়ার্টার, কেরি), ০১-৪৭৭-৬২০০(ডাবলিন) www.legalaidboard.ie
- **লোক্যাল এমপ্লয়মেন্ট সার্ভিস**, **FÁS** দেখুন
- **ন্যাশনাল রিক্রুটমেন্ট ফেডারেশন,** ফোন : ০১-৮৬৭-৩৩৬৯ www.nrf.ie
- **রেপ ক্রাইসিস সেন্টার**,
  ফ্রী ফোন ১৮০০-৭৭-৮৮-৮৮, www.drcc.ie

- **রিসেপশন অ্যান্ড ইন্টিগ্রেশন এজেন্সী ,**
  ফোন : ০১-৪১৮-৩২০০, www.ria.gov.ie
- **রেভিনিউ কমিশনার,**
  লঙ ডিসটেন্স ১৮৯০ ৬০ ৫০ ৯০(PAYE অনুসন্ধান)
  লঙ ডিসটেন্স ১৮৯০ ৩০ ৬৭ ০৬ (ফর্ম অ্যান্ড লিফলেট)
- **রাইটস কমিশনার** লঙ ডিসটেন্স ১৮৯০ ২০১ ৬১৫
- **সিমোন কমিউনিটিস অফ আয়ারল্যান্ড,**
  ফোন : ০১-৪৭৫ ৯৩৫৭
  www.dubsimon.ie/www.galsimon.ie
- **সোশ্যাল ওয়েলফেয়ার অ্যাপীলস অফিস**
  লঙ ডিসটেন্স ১৮৯০ ৭৪৭ ৪৩৪
  swappeals@welfare.ie
- **থ্রেশহোল্ড**
  ফোন : ০১-৬৭৮-৬০৯৮ www.threshold.ie
- **ভিভাস হেলথ ইনশিওরেন্স**
  ফোন : ১৮৫০ ৭১৭ ৭১৭ www.vivashealth.ie
- **ভলানটারি হেলথ ইনশিওরেন্স (VHI)**
  কল সেভ ১৮৫০ ৪৪৪ ৪৪৪ www.vhi.ie
- **ওয়েল উওমেন সেন্টার**
  ফোন : ০১-৮৭৪-৯২৪৩
  www.wellwomancentre.ie
- **উওমেনস'স এইড** , ফ্রী ফোন ১৮০০ ৩৪১ ৯০০
  www.womensaid.ie
- **ওয়র্ক পারমিট কল সেন্টার**
  ফোন ০১-৬৩১-৩৩৩৩

- **ওয়র্ক পারমিট সেকশন, (DETE)**
  লঙ ডিসটেন্স ১৮৯০ ২০১ ৬১৬ , www.entemp.ie

  সরকারী দপ্তর ও এজেন্সীগুলোর একটি পুরো তালিকা
  টেলিফোন ডায়রেক্টরীর সবুজ পাতার বিভাগে পাওয়া যাবে ।

মাইগ্র্যান্ট অ্যান্ড হিউম্যান রাইটস অর্গানাইজেশন

- **এমিগ্রেন্ট অ্যাডভাইস,**
  ফোন : ০১-৮৭৩ ২৮৪৪ / ৮৭২ ৬১৭১
  www.emigrantadvice.ie
- **মাইগ্র্যান্ট রাইটস সেন্টার আয়ারল্যান্ড,**
  ফোন : ০১-৮৮৯-৭৫৭০ www.mrci.ie
- **ইমিগ্রেন্ট কাউন্সিল অফ আয়ারল্যান্ড,**
  ফোন : ০১-৬৭৪ ০২০০,
  www.immigrantcouncil.ie
- **ইমিগ্রেন্ট কাউন্সিল ফর সিভিল লিবার্টিজ**
  ফোন : ০১-৮৭৮৩১৩৭ www.iccl.ie
- **আইরিশ রিফিউজি কাউন্সিল,**
  ফোন : ০১-৮৭৩-০০৪২
  www.irishrefugeecouncil.ie

দরকারী ওয়েবসাইটগুলোর তালিকা :

www.comhairle.ie
www.oasis.gov.ie
www.entemp.ie
www.equality.ie
www.iccl.ie
www.justice.ie
www.mrci.ie
www.revenue.ie
www.welfare.ie
www.immigrantcouncil.ie

সেকশন ১০ : চাকুরিদাতার ডিটেলস এবং মাইনের রেকর্ডের উদাহরণ ও কাজে ব্যয়িত সময়

এমপ্লয়ারের
নাম :______________________________

সুপারভাইজার :______________________________

এমপ্লয়ারের বাড়ি /
কাজের ঠিকানা : ______________________________

টেলিফোন : ______________________________

কর্মস্থলের ঠিকানা : ______________________________

প্রতিশ্রুতি দেওয়া মাইনের পরিমাণ
____

আপনার সঙ্গে যাঁরা কাজ করেন, তাঁদের নাম :

____

____

____

আপনার কাজের সময় ও মাইনের একটি সাপ্তাহিক রেকর্ড রাখা খুবই প্রয়োজন ।

উদাহরণ :

তারিখ	শুরুর সময়	শেষ করার সময়	মোট সময়	ব্রেক	মাইনে

তারিখ	শুরুর সময়	শেষ করার সময়	মোট সময়	ব্রেক	মাইনে

তারিখ	শুরুর সময়	শেষ করার সময়	মোট সময়	ব্রেক	মাইনে

তারিখ	শুরুর সময়	শেষ করার সময়	মোট সময়	ব্রেক	মাইনে

তারিখ	শুরুর সময়	শেষ করার সময়	মোট সময়	ব্রেক	মাইলে

তারিখ	শুরুর সময়	শেষ করার সময়	মোট সময়	ব্রেক	মাইনে

তারিখ	শুরুর সময়	শেষ করার সময়	মোট সময়	ব্রেক	মাইনে

তারিখ	শুরুর সময়	শেষ করার সময়	মোট সময়	ব্রেক	মাইনে

তারিখ	শুরুর সময়	শেষ করার সময়	মোট সময়	ব্রেক	মাইনে

তারিখ	শুরুর সময়	শেষ করার সময়	মোট সময়	ব্রেক	মাইনে

মাইগ্রেন্ট রাইটস সেন্টার আয়ারল্যান্ড

এম.আর.সি.আই. (MRCI) মাইগ্রেন্ট কর্মচারী ও তাদের পরিবারের মানবাধিকার রক্ষার জন্য কাজ করে ।

অর্থাৎ আমরা :

- আয়ারল্যান্ডের একজন মাইগ্রেন্ট কর্মচারী হিসাবে আপনার চাকরী ও সামাজিক অধিকারের বিষয়ে পরামর্শ এবং তথ্য দিয়ে থাকি ।
- যদি আপনি বৈষম্যের শিকার হন অথবা অন্যায্য ব্যবহার পান, তবে আপনার অধিকারগুলো পেতে আপনাকে সহায়তা করি ।
- মাইগ্রেন্ট কর্মচারীদের একসঙ্গে এনে তাদের চিন্তান্বিত করে এমন সব বিষয়ে আলোচনা ও পদক্ষেপ গ্রহণ করি ।
- মাইগ্রেন্ট কর্মচারীদের ওপর প্রভাব ফেলে, এমন আইন ও নীতিতে পরিবর্তন আনতে সরকারের ওপর চাপ সৃষ্টি করি ।
- মাইগ্রেন্ট কর্মচারীরা আইরিশ সমাজে যে ইতিবাচক অবদান রাখছে, তাকে প্রচার করি ।

আমরা খোলা থাকি :

সকাল ১০টা থেকে বিকেল ৪টে, সোমবার থেকে শুক্রবার (দুপুর ১টা থেকে ২টো অবধি বন্ধ)

ঠিকানা : ৫৫ পার্নেল স্কোয়ার ওয়েস্ট, ডাবলিন ১
ফোন : (০১)৮৮৯ ৭৫৭০   ফ্যাক্স : (০১) ৮৮৯ ৭৫৭৯
info@mrci.ie/www.mrci.ie

মাইগ্রেন্ট রাইটস সেন্টার আয়ারল্যান্ড খোলা থাকে
সকাল ১০টা থেকে বিকেল ৪টে, সোমবার থেকে শুক্রবার (দুপুর ১টা থেকে ২টো অবধি বন্ধ)
ঠিকানা : ৫৫ পার্নেল স্কোয়ার ওয়েস্ট, ডাবলিন ১
ফোন : (০১)৮৮৯ ৭৫৭০ ফ্যাক্স : (০১) ৮৮৯ ৭৫৭৯
info@mrci.ie/www.mrci.ie